জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত


# শিক্ষক নির্দেশিকা

# চারু ও কারুকলা

## চতুর্থ শ্রেণি

**লেখক ও সম্পাদক**

মোস্তফা মনোয়ার
হাশেম খান
রবিউল ইসলাম
জাকির হোসেন ফকির



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০
কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

প্রথম মুদ্রণ : আগস্ট, ২০১৬

ছবি ও অন্যান্য নকশা
মোঃ রবিউল ইসলাম
জাকির হোসেন ফকির

আলোকচিত্র
মোঃ রবিউল ইসলাম

সমন্বয়কারী
ড. নাছিমা বেগম

ডিজাইন
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে: হুনান তিয়ানওয়েন জিনহুয়া প্রিন্টিং কো. লি. হুনান প্রভিন্স, চায়না

# প্রসঙ্গ-কথা

প্রাথমিক স্তরের যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ১৯৯২ সালে প্রবর্তন করা হয়। শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। এই পরিপ্রেক্ষিতে ২০০২ সালে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রথম বারের মতো পরিমার্জন করা হয়। 'জাতীয় শিক্ষানীতি ২০১০' প্রণীত হওয়ার পর ২০১১ সালে প্রাথমিক শিক্ষাক্রম পুনরায় পরিমার্জন করা হয়। প্রাথমিক শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য ও প্রান্তিক যোগ্যতা থেকে শুরু করে বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল নতুনভাবে নির্ধারণ করা হয়। শিক্ষার্থীর পরিপূর্ণ বিকাশের বিষয়টিকে এক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে। পরিমার্জিত নতুন শিক্ষাক্রমের আলোকে ২০১৩ সালে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সারা দেশে নতুন পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। শিখন-শেখানো কার্যক্রমের আধুনিকায়নের লক্ষ্যে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু উপস্থাপনে সাম্প্রতিক আন্তর্জাতিক পদ্ধতি ও কৌশল অনুসরণ করা হয়েছে। শিক্ষাক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে একই সঙ্গে যেসব বিষয়ের জন্য পাঠ্যপুস্তক রয়েছে সেগুলোর জন্য শিক্ষক সংস্করণ, যেসব বিষয়ে শিক্ষার্থীদের জন্য কোনো পাঠ্যপুস্তক নেই সেগুলোর জন্য শিক্ষক নির্দেশিকা এবং শিক্ষক সহায়িকা প্রণয়ন করা হয়।

প্রাথমিক স্তরে **চারু ও কারুকলা** একটি আবশ্যকীয় বিষয়। ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত এই বিষয়ে শিক্ষার্থীদের জন্য কোনো পাঠ্যপুস্তক নেই। কাজেই প্রত্যেক শ্রেণিতে শিক্ষকের জন্য আলাদা আলাদা শিক্ষক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। শিশুর সার্বিক বিকাশের লক্ষ্যে সৃজনশীলতা ও নান্দনিক বিকাশ এবং সুস্থ দেহ-মন গঠনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে সংশ্লিষ্ট শ্রেণির অর্জন উপযোগী যোগ্যতা চিহ্নিত করা হয়েছে। চারু ও কারুকলার শিক্ষক নির্দেশিকায় প্রতিটি অধ্যায়কে কয়েকটি পাঠে বিভাজন করা হয়েছে। শিক্ষক নির্দেশিকার প্রতিটি পাঠে পাঠসংশ্লিষ্ট বিষয়বস্তু, শিখন-শেখানো কার্যাবলি, ধারাবাহিক মূল্যায়নের নির্দেশনা, নিরাময়মূলক ব্যবস্থা, পরিকল্পিত কাজ, সামষ্টিক মূল্যায়নের নমুনা প্রশ্ন ইত্যাদি সংযোজন করা হয়েছে। প্রত্যেক শিক্ষকেরই নিজস্ব শিক্ষণ পদ্ধতি ও পাঠ উপস্থাপনের কৌশল রয়েছে। শিক্ষক তাঁর নিজস্ব চিন্তা-ভাবনার সঙ্গে শিক্ষক নির্দেশনায় বর্ণিত পদ্ধতির সমন্বয় সাধন করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করবেন– এমনটাই প্রত্যাশা করছি।

উল্লেখ্য, শিক্ষক নির্দেশিকাটি প্রণয়ন, যৌক্তিক মূল্যায়ন ও চূড়ান্তকরণের কাজে বিভিন্ন পর্যায়ে শ্রেণি শিক্ষক, শিক্ষক প্রশিক্ষক, শিক্ষণ বিশেষজ্ঞ, শিক্ষাক্রম বিশেষজ্ঞ ও বিষয় বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেছেন। শিক্ষক নির্দেশিকাসমূহ শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার জন্য উপযোগী হয়েছে কি না তা যাচাই করার জন্য ২০১৫ শিক্ষাবর্ষে দেশের সাতটি বিভাগের মোট ৩০টি প্রাথমিক বিদ্যালয়ে ট্রাই আউট সম্পন্ন করা হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রাথমিক শিক্ষাক্রম উইং এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে শিক্ষক নির্দেশিকাটি প্রণীত হয়েছে। এটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন ও পরিমার্জন থেকে মুদ্রণ পর্যন্ত যাঁরা মেধা এবং শ্রম দিয়েছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। যাঁদের জন্য এটি প্রণীত ও প্রকাশিত হলো, অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রেণিকক্ষে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করলে দেশের প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা উপকৃত হবে এবং আমাদের এই উদ্যোগ ও প্রয়াস সফল হবে। এর ফলে দেশের প্রাথমিক স্তরে শিক্ষার গুণগত মানও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। শিখন-শেখানো কার্যক্রমের এই মহৎ আয়োজন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

**প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# শিক্ষকের জন্য নির্দেশনা

শিশুদের সুযোগ করে দিলে শিশুরা অনেক সুন্দর কাজ এমনকি সৃষ্টিশীল কাজ করতে পারে। তাদের মেধা থাকে সুপ্ত বা অনাবিষ্কৃত। শিশুদের ছবি আঁকতে দিলেই তা সহজেই বোঝা যায়। কখনো কখনো স্বভাবগতভাবে তা বিকশিত হলেও এর সঠিক চর্চা যথাযথ এবং অনুপ্রেরণার অভাবে বিকাশলাভ হয় না। শিশু যদি তার পরিবার থেকে সৃষ্টিশীল কাজে (ছবি আঁকা, গান গাওয়া, আবৃত্তি, খেলাধূলা) চর্চার সুযোগ এবং অনুপ্রেরণা পায় তাহলে তার প্রতিভা বিকাশের পথ সহজতর হয়। পাশাপাশি শিশুর মানসিক বিকাশ ঘটে। অনেক বিষয়ে শিখতে শিশু আগ্রহী হয়। তার মেধা বেড়ে যায়। শিশু হয়ে ওঠে বুদ্ধিমান, সৃষ্টিশীল ও পরিমিতিবোধ সম্পন্ন।

শিশুদেরকে প্রাতিষ্ঠানিকভাবে চারু ও কারু কলা বিষয়ে শিক্ষাদানের সহায়ক হিসেবে এই শিক্ষক নির্দেশিকা রচিত হয়েছে। এই নির্দেশিকাটি শিশুদের কাছে সরাসরি না পৌঁছালেও সংশ্লিষ্ট শিক্ষক এটি অনুসরণ করে নিজের বিচার বুদ্ধি এবং অভিজ্ঞতার আলোকে শিশুদেরকে শিক্ষাদান করবেন। চারু ও কারু কলা বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের অপ্রতুলতা থাকলেও এই বিষয়ে পাঠদানকারী নির্দিষ্ট শিক্ষক নির্দেশিকাটি যদি অনুসরণ করেন এবং প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করেন তাহলেও শিশুদেরকে এই বিষয়ে শিক্ষাদানে সক্ষম হবেন। নির্দেশিকাতে বর্ণিত বিষয়াবলী এবং পদ্ধতিগত দিকসমূহ আত্মস্থ করার মাধ্যমে শিক্ষকগণ শিশুদের সুপ্ত প্রতিভা উন্মোচিত হওয়ার পথকে মসৃণ এবং সুগম করতে সক্ষম হবেন। প্রাথমিক স্তরে চারু ও কারু কলা একটি আবশ্যকীয় বিষয়। তাই এই বিষয়ে পাঠদানের জন্য শিক্ষককে প্রয়োজনীয় প্রস্তুতিসহ শিশুদের উপযোগী আনন্দঘন পরিবেশ সৃষ্টি করতে হবে। শিশুদের ছবি আঁকার সময় প্রশংসাসুলভ বাক্য প্রয়োগ এবং স্বাধীনভাবে কাজ করতে উৎসাহিত করবেন। শিশুর মনে যেন কোনো প্রকার চাপ সৃষ্টি না হয় সেদিকে বিশেষভাবে লক্ষ রাখবেন। ভবিষ্যতে চারুকলা বিষয়ে লেখাপড়া ছাড়াও অন্যান্য বিষয় যেমন বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, প্রকৌশল বিজ্ঞানসহ অন্যান্য উচ্চতর বিষয়ে লেখাপড়ার জন্য চারু ও কারুকলার গুরুত্ব অনুধাবন করবেন এবং শিশুদেরকে এই পাঠে উৎসাহী ও মনোযোগী করে তুলবেন। মূল্যায়নের ক্ষেত্রে শ্রেণিকক্ষে অনুশীলন, বাড়ির কাজ এবং শ্রেণি পরীক্ষা নম্বর ৪০% এবং সাময়িক পরীক্ষায় নম্বর ৬০% করে নির্ধারণ করতে হবে।। তার ফলে শিশু এবং অভিভাবকদের মাঝে এই বিষয়ের প্রতি আগ্রহ এবং গুরুত্বের সৃষ্টি হবে। শিশুর কল্পনা শক্তি, সৌন্দর্যবোধ ও পরিমিতিবোধ তাকে একজন স্বয়ংসম্পূর্ণ, দক্ষ এবং সৃষ্টিশীল মানুষে পরিণত করবে। **শ্রেণিতে ও বাড়িতে আঁকা ছবির জন্য এবং অন্যান্য কারুশিল্পের জন্য অবশ্যই শ্রেণি শিক্ষক প্রতিটি কাজের মূল্যায়ণের ক্ষেত্রে ১০০ নম্বর ধরে শিশুকে নম্বর দেবেন। এই নম্বর শ্রেণির অন্যান্য বিষয়ের সঙ্গে একীভূত করে শ্রেণির শেষ পরীক্ষায় শিক্ষার্থীদের ফলাফল নির্ধারণ করে দিতে হবে।**

প্রাথমিক পর্যায়ে অর্থাৎ পঞ্চম শ্রেণি পর্যন্ত শিশুদের ছবি আঁকা এই শিক্ষক নির্দেশিকার মাধ্যমেই সম্পন্ন হবে। অন্য কোনো বই, গাইড বই ইত্যাদি শিশুদের হাতে দেওয়া যাবে না। শিশু তাঁর ইচ্ছেমতোই ছবি আঁকবে। শিক্ষক শুধু নির্দেশিকা অনুযায়ী শিশুদের মানসিক অবস্থা, সামাজিক অবস্থা ইত্যাদি বিবেচনা করে ছবি আঁকায় সহযোগিতা করে যাবেন। শিক্ষক কোনো কারণেই শিশুর আঁকার কাগজে ছবি আঁকা দেখাতে যাবেন না। শিশুর ছবিতে হাত দেবেন না। ছবি আঁকার রঙ, তুলি, কাগজ ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী সবসময় তার হাতের কাছে রাখতে সাহায্য করবেন।

শিশুকে কখনোই বলা যাবে না যে, তোমার আঁকা ভালো হয়নি কিংবা সুন্দর হয়নি। আরও সুন্দর করে আঁকো। অর্থাৎ নেতিবাচক কথাবার্তা শিশুর সঙ্গে বলা যাবে না। বরং বলতে হবে সে ভালো আঁকে, আরো বেশি বেশি রঙ লাগাও। নিজে নিজে আঁকলেই সেই ছবি সুন্দর হয় ইত্যাদি প্রশংসামূলক কথা বলে শিশুকে উৎসাহ দিতে হবে।





জয়নুল আবেদিন দুর্ভিক্ষ কালি-তুলি



জয়নুল আবেদিন বিদ্রোহী গরু জল রঙ



কামরুল হাসান | তিনকন্যা | তেল রঙ



এস এম সুলতান    অবসর-সময়ে    তেল রঙ



সফিউদ্দিন আহমেদ　　মাছ ধরার জাল　　এচিং এ্যাকুয়াটিন্ট



মোহাম্মদ কিবরিয়া　　স্বাধীনতা　　তেল রঙ

# সূচিপত্র : চতুর্থ শ্রেণি


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. প্রথম অধ্যায় | ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিত হওয়া | ১-৭ |
| ২. দ্বিতীয় অধ্যায় | খেয়াল খুশি মত ছবি আঁকা | ৮-১৪ |
| ৩. তৃতীয় অধ্যায় | অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি আঁকা | ১৫-২৩ |
| ৪. চতুর্থ অধ্যায় | বর্ণমালা লেখা/সুন্দর হাতের লেখার অভ্যাস করা | ২৪-২৮ |
| ৫. পঞ্চম অধ্যায় | রেখাচিত্র অঙ্কন | ২৯-৩৬ |
| ৬. ষষ্ঠ অধ্যায় | মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রঙ করা | ৩৭-৪৩ |
| ৭. সপ্তম অধ্যায় | অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া | ৪৪-৫০ |
| ৮. অষ্টম অধ্যায় | কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা | ৫১-৫৭ |
| ৯. নবম অধ্যায় | রঙিন ও সাদাকালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা লাগিয়ে নানা রকম শিল্পকর্ম তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে ছবি তৈরি করা | ৫৮-৬৩ |
| ১০. দশম অধ্যায় | খেজুর পাতা, নারিকেল পাতা, নুড়ি,পাথর,ঝিনুক, ডিমের খোসা ইত্যাদি উপকরণ দিয়ে কিছু তৈরি করা | ৬৪ ৬৭ - |
| ১১. একাদশ অধ্যায় | পাট দিয়ে রশি, বেণী ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা | ৬৮-৭১ |
| ১২. দ্বাদশ অধ্যায় | বিভিন্ন জিনিস রঙ করতে পারা | ৭২-৭৫ |
| ১৩. ত্রয়োদশ অধ্যায় | আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা | ৭৬-৮০ |

# চতুর্থ শ্রেণি



প্রথম অধ্যায়

# ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিত হওয়া

## অর্জন উপযোগী যোগ্যতা

১.১ বিভিন্ন রকম কালি, তুলি, পেন্সিল ও রঙিন কলম, সাইন পেন ইত্যাদি সম্পর্কে জানা।

## শিখন ফল

১.১.১ রঙের প্রকার ভেদ এবং ব্যবহারের পদ্ধতি সম্পর্কে বলতে পারবে।

১.১.২ বিভিন্ন মাপের তুলির প্রয়োজনীয়তা সম্পর্কে বলতে পারবে।

১.১.৩ ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার রঙিন পেন্সিল, ও রঙিন কলম সম্পর্কে বলতে পারবে।

## পাঠ বিভাজন - ৪টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা বিভিন্ন প্রকার কালি ও এর ব্যবহার পদ্ধতি সম্পর্কে জানবে।

### শিখন ফল

১.১.১ এই পাঠে শিশুরা বিভিন্ন প্রকার রঙ বা অন্যান্য উপকরণের পাশাপাশি শুধু কালি দিয়ে ছবি আঁকতে শিখবে।

### উপকরণ

ছবি আঁকার উপযোগী কালি, তুলি, কলম, মার্কার কলম ইত্যাদি।



## বিষয় বস্তু

ছবি আঁকার উপযোগী কালি সম্পর্কে জানা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষাদান প্রচলিত উপকরণের পাশাপাশি শুধু কালি দিয়েও যে ছবি আঁকা যায় শিশুদেরকে সে সম্পর্কে ধারণা দেবেন। কালি দিয়ে ছবি আঁকতে যেসব উপকরণ যথা–চাইনিজ কালি, কলম বা খাগের কলম, ক্রোকাইল নিব, তুলি ও কালি কলমে ছবি আঁকা সম্পর্কে শিশুদেরকে ধারণা দেবেন। শুধু কালি-কলমে আঁকা ছবি উদাহরণ হিসেবে শিশুদের দেখিয়ে ধারণা দেবেন।

## পরিকল্পিত কাজ

শিশুদের ছবি আঁকার উপযোগী কালি, কলম, তুলি ইত্যাদির সাহায্যে বাড়িতে ছবি আঁকতে উৎসাহ যোগাবেন।

## মূল্যায়ন

এই পাঠে শিশুরা কালি কলমে ছবি আঁকার উপকরণ সম্পর্কে পুরাপুরি ধারণা পেল কিনা শিক্ষক তাদের কাছে জানতে চাইবেন। যদি কোন শিশু এ বিষয়ে সম্পূর্ণ ধারণা না পেয়ে থাকে তাহলে তাদেরকে পুনরায় এ বিষয়ে ধারণা প্রদান করবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা বিভিন্ন প্রকার রঙ সম্পর্কে বিস্তারিতভাবে জানতে পারবে এবং এর ব্যবহার পদ্ধতি সম্পর্কে পরিপূর্ণ ধারণা অর্জন করবে।

## শিখন ফল

১.১.১ রঙ এর প্রকার ভেদ এবং ব্যবহারের পদ্ধতি সম্পর্কে বলতে পারবে।

## উপকরণ

পোস্টার রঙ, অয়েল প্যাস্টেল ইত্যাদি।



## বিষয়বস্তু

১.১.১ তুলির মাধ্যমে রঙ এর ব্যবহার

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে বিভিন্ন প্রকার রঙ-এর ব্যবহার সম্পর্কে বিষদ ধারণা প্রদান করবেন। যেমন—জলরঙ ও পোস্টার রঙ পানি দিয়ে ব্যবহার করা যায় কিন্তু দুই রঙ-এর ব্যবহার বা ছবি আঁকার পদ্ধতি যে আলাদা তা শিশুদের বুঝিয়ে বলবেন। ছবি আঁকার ক্ষেত্রে রঙ ব্যবহারের ভিন্নতা সম্পর্কে ধারণা প্রদান করবেন। পাশাপাশি কোন রঙটি স্বচ্ছ এবং কোনটি অস্বচ্ছ সে সম্পর্কে ধারণা প্রদান করবেন। যদি কোনো শিশু কম ধারণা পেয়ে থাকে তাহলে শিক্ষক তাকে অতিরিক্ত সময় দিয়ে বুঝিয়ে বিভিন্ন মাপের তুলি ব্যবহারে উৎসাহী করবেন।

## পরিকল্পিত কাজ

চিত্রে ব্যবহৃত রঙ শনাক্ত করবে। বাড়িতে যেন শিশুরা নিজেরাই এ রঙ ব্যবহার করে রঙের ভিন্নতা সম্পর্কে ধারণা লাভ করতে পারে সে ব্যাপারে উৎসাহ দেবেন।

## মূল্যায়ন

শিশুরা বিভিন্ন প্রকার রঙের ভিন্নতা ও ব্যবহার পদ্ধতি সম্পর্কে ভালোভাবে জানতে পেরেছে কিনা সে বিষয়ে শিক্ষক শ্রেণিকক্ষে শিশুদের নিকট থেকে জেনে নেবেন। সাথে সাথে যদি কোন শিশু এ সম্পর্কে বুঝতে না পেরে থাকে তাকে পুনরায় বুঝিয়ে বলবেন।

## পাঠ-৩

শিশুরা পূর্বের শ্রেণিকক্ষে বিভিন্ন মাপের তুলি সম্পর্কে জেনেছে। এই পাঠে তারা বিভিন্ন মাপের তুলির প্রয়োজনীয়তা সম্পর্কে জানবে।

## শিখন ফল

১.১.২ বিভিন্ন মাপের তুলির প্রয়োজনীয়তা সম্পর্কে বলতে পারবে।

## উপকরণ

বিভিন্ন মাপের তুলি, কাগজ, কালার প্যালেট ইত্যাদি।



## বিষয়বস্তু

তুলির মাধ্যমে রঙ-এর ব্যবহার।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে বিভিন্ন মাপের তুলির প্রয়োজনীয়তা অর্থাৎ বড় জায়গায় বড় তুলি বা ছোট জায়গায় ছোট তুলি ব্যবহারের পাশাপাশি বিষয় বস্তুতে সূক্ষ্ম কোনো কাজ করতে আরও ছোট মাপের তুলি প্রয়োজন হয় সেটা বুঝিয়ে বলবেন। শিশুদের নির্দেশনা মোতাবেক আনন্দের সাথে এসব তুলি ব্যবহারে আগ্রহী করে তুলবেন।

## পরিকল্পিত কাজ

কাগজের মাপ অনুযায়ী শিক্ষক শিশুদেরকে বিভিন্ন মাপের তুলির প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা প্রদান এবং বিভিন্ন মাপের তুলি ব্যবহার করে বাড়িতে ছবি আঁকতে উৎসাহী করবেন।

### মূল্যায়ন

শিশুরা বিভিন্ন মাপের তুলির প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা পেল কিনা বা এসব ব্যবহারে উৎসাহী হচ্ছে কিনা শিক্ষক তাদের কাছ থেকে জানতে চাইবেন। যদি কেউ ধারণা না পেয়ে থাকে তাহলে শিক্ষক তাকে অতিরিক্ত সময় দিয়ে বুঝিয়ে বিভিন্ন মাপের তুলি ব্যবহারে উৎসাহী করবেন।

### পাঠ-৪

এই পাঠে শিশুরা ছবি আঁকার বিভিন্ন রকম রঙিন পেন্সিল ব্যবহারের পাশাপাশি বিভিন্নরকম রঙিন কলম ব্যবহার সম্পর্কে ধারণা গ্রহণ করবে এবং ব্যবহার করা শিখবে।

### শিখন ফল

১.১.৩ ছবি আঁকার উপযোগী বিভিন্ন পেন্সিল ও রঙিন কলম সম্পর্কে বলতে পারা।

### উপকরণ

ছবি আঁকার উপযোগী রঙিন পেন্সিল, গ্লাস মার্কিং পেন্সিল, রঙিন কলম ইত্যাদি।



## বিষয়বস্তু

১.১.১ ছবি আঁকার উপযোগী কাগজ, বিভিন্ন রঙিন পেন্সিল ও রঙিন কলম সম্পর্কে জানা।

## শিখন শেখানো কার্যাবলি

পূর্বে শিশুরা ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার রঙিন পেন্সিল সম্পর্কে জেনেছে। এই পাঠে শিক্ষক এসব উপকরণের পাশাপাশি বিভিন্ন প্রকার রঙিন কলম ও এর ব্যবহার এবং বাজারে কোন কোন ধরনের রঙিন কলম পাওয়া যায় সে সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করবেন। প্রয়োজনে শ্রেণিকক্ষে তাৎক্ষণিকভাবে এসব উপকরণের ব্যবহার করে একটি ছবি এঁকে শিশুদের আনন্দ দেবেন।

## পরিকল্পিত কাজ

চিত্রে ব্যবহৃত রঙ শনাক্ত করবে।
অঙ্কিত চিত্রে ব্যবহৃত পেন্সিল শনাক্ত করবে।

## মূল্যায়ন

এই পাঠ অনুশীলনের মাধ্যমে ব্যবহৃত সকল রঙ সম্পর্কে শিশুরা সঠিকভাবে জানতে পারছে কিনা বা বিভিন্ন রঙ পেন্সিল, রঙিন কলমে অঙ্কিত ছবিগুলোতে ব্যবহৃত রঙগুলোকে সঠিকভাবে শনাক্ত করতে পারছে কিনা শিক্ষক সেটা পরখ করবেন। যদি কোনো শিশু বুঝতে না পেরে থাকে তাহলে পুনরায় সে রঙ ব্যবহার করে শিক্ষক বুঝিয়ে দেবেন। সম্পূর্ণ অনুশীলনটি যেন আনন্দদায়ক হয় শিক্ষক সেদিকে বিশেষ লক্ষ রাখবেন।

## দ্বিতীয় অধ্যায়

# খেয়াল খুশিমতো ছবি আঁকা

### অর্জন উপযোগী যোগ্যতা

২.১ পরিচিত যে কোনো জিনিস ও প্রাকৃতিক দৃশ্য ইচ্ছেমতো কল্পনা থেকে রঙ বা পেন্সিলে আঁকা।

### শিখন ফল

২.১.১. পরিচিত যে কোনো জিনিস কল্পনা থেকে আঁকতে পারবে।

২.১.২ বিভিন্ন প্রাকৃতিক দৃশ্য ইচ্ছেমতো আঁকতে পারবে।

২.১.৩ ইচ্ছেমতো কিছু এঁকে রঙ ও পেন্সিল দ্বারা রঙ করতে পারবে।

### পাঠ বিভাজন- ৪টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা তাদের পরিচিত যে কোনো জিনিস কল্পনাতে প্রথমে নিজের মনের মধ্যে সাজাতে পারবে এবং তার ছবি এঁকে নিজের কল্পনা শক্তিকে বাস্তবে রূপ দিতে পেরে নিজেই সৃষ্টির আনন্দে মেতে উঠবে।

### শিখন ফল

২.১.১ পরিচিত যে কোনো জিনিস কল্পনা থেকে আঁকতে পারবে।

### উপকরণ

ছবি আঁকার উপযোগী কাগজ, পেন্সিল, অয়েল প্যাস্টেল, জল রঙ, কালার প্যালেট, তুলি ইত্যাদি।



## বিষয়বস্তু

পরিচিত যে কোনো জিনিস কল্পনা করে আঁকা ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা যে সকল জিনিস বা স্থান অর্থাৎ পূর্বে দেখা শিশুর ভালোলাগা বিষয়কে মনে মনে কল্পনা করবে এবং তার সেই কল্পনাকে কাগজে তার ইচ্ছে মতো রঙ তুলিতে ফুটিয়ে তুলবে । শিক্ষক শিশুদের পরিচিত ভালোলাগা জিনিসটি সম্পর্কে গল্পের মাধ্যমে জানতে চাইবেন এবং তা আঁকতে উৎসাহ দেবেন । প্রয়োজনে শিশুদের কাছে জেনে তাদের ভালোলাগা কোনো বিষয়ের ছবি আঁকতে সহযোগিতা ও পরামর্শ দিয়ে তাদের কল্পনার বিষয়টি প্রকাশ করতে উৎসাহী করে তুলবেন ।

## পরিকল্পিত কাজ

শিশুকে তার পরিচিত কোন জিনিসের ছবি আঁকার পাশাপাশি তার ভালোলাগা বিষয়ের ছবি বাড়িতে অনুশীলন করতে শিক্ষক উৎসাহ দেবেন ।

### মূল্যায়ন
এই পাঠে শিশুরা তাদের ভালোলাগা বিষয়ের ছবি কল্পনা থেকে আঁকতে কতটা আনন্দ পাচ্ছে শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। তুলনামূলক পিছিয়ে পড়া শিশুর দিকে বিশেষ নজর রাখবেন এবং উদ্দীপনামূলক উক্তি শুনিয়ে তাকে কাজ সম্পন্ন করতে সাহায্য করবেন। শিক্ষক শ্রেণিকক্ষে ছবি এঁকে অপরের ছবি সম্পর্কে মন্তব্য প্রদানের পরিবেশ সৃষ্টি করবেন এবং অপেক্ষাকৃত ভালো ছবিটি শিশুদের মতামতের ভিত্তিতে শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

### পাঠ-২
এই পাঠে শিক্ষক শিশুদের বিভিন্ন ঋতু সম্পর্কে গল্প শোনাবেন এবং গল্পের বিষয়কে সাজিয়ে ছবি এঁকে শিশুরা ইচ্ছেমতো রঙ করতে শিখবে এবং নিজের দেশের ঋতু বৈচিত্র সম্পর্কে জানতে আরও আগ্রহী হবে।

### শিখন ফল
২.১.২ বিভিন্ন প্রকার প্রাকৃতিক দৃশ্য ইচ্ছেমতো আঁকতে পারবে।

### উপকরণ
ছবি আঁকার উপযোগী কাগজ, পেন্সিল, অয়েল প্যাস্টেল, জল, রঙ, তুলি, কালার প্যালেট, পেন্সিল ইত্যাদি।



## বিষয়বস্তু

২.১.১ বাংলাদেশের বিভিন্ন ঋতুর দৃশ্য (গ্রীষ্মকাল, বর্ষাকাল)।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক গ্রীষ্মকাল ও বর্ষাকাল সম্পর্কে শিশুদের গল্প শোনাবেন। ঋতু ভিত্তিক পরিবেশ, ফুল, ফল ইত্যাদি বিষয়ে শিশুদের ধারণা দেবেন এবং সম্পূর্ণ স্বাধীনভাবে শিশুদের ভালোলাগা ঋতুর ছবি নিজের ইচ্ছেমতো এঁকে রঙ করতে নির্দেশনা দেবেন। ক্লাসটি সম্পূর্ণ আনন্দদায়ক করতে শিক্ষক কোন ঋতু নির্দিষ্ট করা থেকে বিরত থাকবেন। প্রয়োজনে সংগৃহীত কোনো ঋতুর ছবি শ্রেণিকক্ষে শিশুদের উৎসাহ দেওয়ার জন্য উপস্থাপন করবেন।

## পরিকল্পিত কাজ

বাংলাদেশের ঋতুর ছবি নিজের মতো করে আঁকবে।

## মূল্যায়ন

শিশুরা বাংলাদেশের ঋতুর ছবি তাদের নিজের মতো করে সাজিয়ে রঙ করতে পারছে কিনা বা আনন্দ পাচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন। কাজ সম্পন্ন হলে সকল ছবি পাশাপাশি এক সাথে সাজিয়ে শিশুদের মতামত প্রদানে উৎসাহ যোগাবেন এবং শিশুদের মনোনীত ছবি শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

## পাঠ-৩

পূর্বের পাঠের ন্যায় এ পাঠেও শিশুরা বাংলাদেশের আরও দুইটি ঋতু সম্পর্কে জানতে পারবে এবং নিজের ইচ্ছেমতো ঋতুর ছবি এঁকে রঙ করবে।

## শিখন ফল

২.১.২ বিভিন্ন প্রাকৃতিক দৃশ্য ইচ্ছেমতো এঁকে রঙ করতে পারবে।

## উপকরণ

ছবি আঁকার উপযোগী কাগজ, পেন্সিল, অয়েল প্যাস্টেল, জলরঙ, তুলি, কালার প্যালেট ইত্যাদি।



## বিষয়বস্তু

বাংলাদেশের বিভিন্ন ঋতুর দৃশ্য (শরৎকাল, হেমন্তকাল)।

## শিখন শেখানো কার্যাবলি

পূর্বের পাঠের ন্যায়, এ পাঠেও শিক্ষক শিশুদেরকে নতুন দুইটি ঋতু সম্পর্কে ধারণা দেবেন এবং নিজের পছন্দের ঋতুটি ইচ্ছেমতো সাজিয়ে রঙ করতে উৎসাহ দেবেন। প্রয়োজনে যে কোনো একটি ঋতুর ছবি সংগ্রহ করে বা নিজে এঁকে শ্রেণিকক্ষে শিশুদের উৎসাহ বৃদ্ধির জন্য প্রদর্শন করবেন।

## পরিকল্পিত কাজ

ছয় ঋতুর দেশ বাংলাদেশ, একেক ঋতুতে বাংলাদেশের রূপ একেক রকম। তেমনিভাবে শরৎ ও হেমন্তকালের রূপ বৈচিত্র্য সম্পর্কে শিশুরা গল্পের মাধ্যমে জেনে সে অনুযায়ী আঁকতে পারছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন। শিক্ষক শিশুকে তার অঙ্কিত ছবি সম্পর্কে মতামত প্রকাশে আগ্রহী করে তুলবেন। তাদের মতামতের ভিত্তিতে অপেক্ষাকৃত ভালো ছবি শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন এবং পিছিয়ে পড়া শিশুদের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে তাদের উৎসাহ প্রদান করবেন।

### মূল্যায়ণ

শিশুরা তাদের দেখা চারপাশের পরিবেশ থেকে ভালোলাগা বিষয়গুলিকে নিজের ইচ্ছেমতো সাজিয়ে আঁকতে আনন্দ পাচ্ছে কিনা শিক্ষকগণ সেদিকে লক্ষ্য রাখবেন। প্রয়োজনে শিশুদের সাথে মতো বিনিময়ের মাধ্যমে তুলনামূলক ভালো ছবিটি শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন।

## পাঠ-৪


পূর্বের পাঠে শিক্ষক শিশুদের স্বাধীনভাবে আঁকতে উৎসাহ দিলেও বিষয়বস্তু কিছু নির্ধারিত ছিল। এ পাঠে শিক্ষক শিশুদের কোনো বিষয় নির্ধারিত করা থেকে বিরত থাকবেন। শিশুরা এ পাঠে সম্পূর্ণ স্বাধীনভাবে খেয়াল খুশিমতো এঁকে রঙ করবে।

### শিখন ফল

২.১.৩ ইচ্ছেমতো কিছু এঁকে রঙ ও পেন্সিল দ্বারা রঙ করতে পারবে।

### উপকরণ

ছবি আঁকার উপযোগী কাগজ, শিশুর পছন্দের রঙ, রঙিন পেন্সিল ইত্যাদি।



## বিষয়বস্তু

১.১.১ ইচ্ছেমতো দৃশ্য বা বিষয়।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে সম্পূর্ণ স্বাধীনভাবে তাদের নিজের ইচ্ছেনুযায়ী কিছু এঁকে যে কোনো রঙ দিয়ে রঙ করতে উৎসাহ দেবেন। প্রয়োজনে শিশুদের কাছ থেকে তার ভালোলাগার বা যা আঁকতে ইচ্ছে করে সেসব কিছু জেনে নেবেন এবং শিশুদের উপযোগী ও পছন্দের কিছু আঁকার সহযোগিতা ও পরামর্শ দিয়ে আঁকিয়ে নেবেন। নিজের ইচ্ছেনুযায়ী কিছু আঁকতে যেন শিশুরা আনন্দ পায় সেদিকে শিক্ষক বিশেষ নজর দেবেন।

## পরিকল্পিত কাজ

শিক্ষক শিশুদের ইচ্ছেনুযায়ী কিছু এঁকে রঙ করতে বলবেন।

## মূল্যায়ন

শিক্ষক গল্পের ছলে শিশুদের কাছ থেকে তাদের ইচ্ছে অনুযায়ী অঙ্কিত বিষয় সম্পর্কে জানতে চাইবেন এবং তারা তাদের ইচ্ছের প্রকাশ ছবির মাধ্যমে কতটা উপস্থাপন করতে পারছে সেদিকে লক্ষ রাখবেন। শিক্ষক পিছিয়ে পড়া শিশুদের উৎসাহ প্রদানের মাধ্যমে কাজ সম্পন্ন করতে সাহায্য করবেন এবং অপেক্ষাকৃত ভালো কাজগুলো শিশুদের উৎসাহ দেওয়ার জন্য প্রদর্শন করবেন।



## তৃতীয় অধ্যায়

# অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি আঁকা

### অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ গাছ, ফুল-ফল, পাতা, পাখি ও মাছ পর্যবেক্ষণের মাধ্যমে স্মৃতি থেকে আঁকতে পারা।

৩.২ শিশুর দেখা গ্রাম বা শহরের বিশেষ বিশেষ দর্শনীয় স্থানের ছবি (চিড়িয়াখানা, যাদুঘর, স্মৃতিসৌধ, মেলা ইত্যাদি) আঁকা।

### শিখন ফল

৩.১.১ গাছ, ফুল, পাখি, মাছ ইত্যাদি স্মৃতি থেকে আঁকতে পারবে।

৩.১.২ শিশু তার দেখা গ্রাম বা দর্শনীয় স্থানের ছবি ইচ্ছেমতো আঁকতে পারবে।

## পাঠ বিভাজন- ৫টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা তাদের দেখা বা পর্যবেক্ষণের মাধ্যমে জানা বিষয়ের ছবি স্মৃতি থেকে আঁকবে। ফলে শিশুদের পর্যবেক্ষণ ক্ষমতা ও স্মৃতি শক্তির বিকাশ ঘটবে।

### শিখন ফল

৩.১.১ গাছ, ফুল, পাখি, মাছ ইত্যাদি স্মৃতি থেকে আঁকতে পারবে।

### উপকরণ

ছবি আঁকার উপযোগী কাগজ, রঙ-তুলি, অয়েল প্যাস্টেল, কালার প্যালেট, পেন্সিল ইত্যাদি।





## বিষয় বস্তু

শিশুর দেখা গাছ, ফুল-পাতা, পাখি, মাছ ইত্যাদি

## শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক শিশুদেরকে তাদের দেখা বিভিন্ন প্রকার গাছ, ফুল, পাখি, মাছ স্মৃতি থেকে নিজের ইচ্ছেমতো এঁকে রঙ করতে উৎসাহ দেবেন। প্রয়োজনে শিশুদের কাছ থেকে গল্পের মাধ্যমে তাদের দেখা গাছপালা, ফুল, পাখি, মাছ সম্পর্কে ধারণা নিয়ে তাৎক্ষণিক কোন একটি ছবি এঁকে অথবা আঁকা ছবি শিশুদের আনন্দ দেওয়ার জন্য প্রদর্শন করবেন। শিশুরা নিজের দেখা প্রকৃতির অংশ নিজের মতো করে আঁকতে পারছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন।

## পরিকল্পিত কাজ

শিশুর অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়ে ছবি আঁকায় উৎসাহিত করার লক্ষ্যে শিক্ষক কিছু নমুনা প্রদর্শন করবেন এবং শিশুদের বাড়িতে এ সকল বিষয় নিয়ে ছবি এঁকে রঙ করতে উৎসাহ দেবেন।

## মূল্যায়ন

শিশুরা তাদের দেখা প্রকৃতির অংশ বিশেষ নিজের মতো করে  এঁকে রঙ করতে আনন্দ পাচ্ছে কিনা বা সুন্দরভাবে বিষয়টি সাজাতে পারছে কিনা শিক্ষক সেদিকে বিশেষ লক্ষ রাখার পাশাপাশি শিশুর আঁকা ছবির মধ্য থেকে অপেক্ষাকৃত ভালো ছবি শিশুদের মতামতের ভিত্তিতে শ্রেণিকক্ষে প্রদর্শন করবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা তাদের দেখা পছন্দের গ্রামের দৃশ্য ইচ্ছেমতো স্মৃতি থেকে এঁকে রঙ করবে।

## শিখন ফল

৩.১.২ শিশু তার দেখা গ্রাম ইচ্ছেমতো আঁকতে পারবে।

## উপকরণ

ছবি আঁকার উপযোগী কাগজ, পেন্সিল, জলরঙ, অয়েল প্যাস্টেল, কালার প্যালেট, তুলি ইত্যাদি।



## বিষয়বস্তু

শিশুর দেখা গ্রাম।

### শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক শিশুদের দেখা পছন্দের গ্রাম স্মৃতি থেকে নিজের ইচ্ছেমতো এঁকে রঙ করতে উৎসাহ দেবেন। প্রয়োজনে শিশুদের কাছ থেকে গল্পের মাধ্যমে তাদের দেখা পছন্দের গ্রাম সম্পর্কে ধারণা নিয়ে তাৎক্ষণিক একটি গ্রামের ছবি আঁকায় শিশুকে সহযোগিতা ও পরামর্শ দেবেন। শিশুরা নিজের দেখা পছন্দের গ্রাম নিজের মতো করে সাজিয়ে আঁকতে পারছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন।

### পরিকল্পিত কাজ

শিশুর অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়ে ছবি আঁকায় উৎসাহিত করার লক্ষ্যে শিক্ষক কিছু নমুনা প্রদর্শন করবেন এবং শিশুদের বাড়িতে তাদের দেখা পছন্দের গ্রাম স্মৃতি থেকে এঁকে রঙ করতে উৎসাহ দেবেন।

### মূল্যায়ণ

শিশুরা তাদের দেখা পছন্দের গ্রামের দৃশ্য নিজের মত করে সাজিয়ে এঁকে রঙ করতে আনন্দ পাচ্ছে কিনা বা সুন্দরভাবে বিষয়টি সাজাতে পারছে কিনা শিক্ষক সেদিকে বিশেষ লক্ষ রাখার পাশাপাশি শিশুর আঁকা ছবির মধ্য থেকে অপেক্ষাকৃত ভালো ছবি শিশুদের মতামতের ভিত্তিতে শ্রেণিকক্ষে প্রদর্শন করবেন।

## পাঠ-৩

পূর্বের পাঠের ন্যায় শিশুরা বেড়াতে গিয়ে পছন্দের জায়গার ছবি স্মৃতি থেকে এঁকে রঙ করবে।

### শিখন ফল

শিশুরা তাদের দেখা পছন্দের শহরের ছবি স্মৃতি থেকে আঁকতে পারবে।

### উপকরণ

ছবি আঁকার উপযোগী কাগজ, জলরঙ, তুলি, অয়েল প্যাস্টেল, কালার প্যালেট, পেন্সিল ইত্যাদি।



## বিষয়বস্তু

৩.১.১ শিশুর দেখা পছন্দের শহর।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদের বিভিন্ন শহরে বেড়াতে যেতে উৎসাহ প্রদানের পাশাপাশি শিশুর দেখা পছন্দের শহর সম্পর্কে জানতে চাইবেন এবং তার পছন্দের শহরের দৃশ্য স্মৃতি থেকে এঁকে রঙ করতে অনুপ্রেরণা যোগাবেন।

## পরিকল্পিত কাজ

শিশুর অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়ে ছবি আঁকতে উৎসাহিত করার লক্ষ্যে শিক্ষক কিছু নমুনা প্রদর্শনের পাশাপাশি শিশুদেরকে বাড়িতে তার দেখা বা পছন্দের শহরের ছবি আঁকতে আগ্রহী করে তুলবেন।

### মূল্যায়ন

শিশুরা তাদের দেখা এবং পছন্দের শহরের ছবি সঠিকভাবে আঁকতে পারছে কিনা বা শহরভিত্তিক বিশেষ বিশেষ এবং ভিন্ন ধর্মী কোনো স্থাপনা বা নিদর্শনকে উপস্থাপন করতে পারছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন। অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের উৎসাহ দেওয়ার পাশাপাশি শ্রেণিকক্ষে সম্পন্ন করা ভালো কাজ শিশুদের আনন্দ দেওয়ার জন্য প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

## পাঠ-৪

এই পাঠে শিশুরা বাংলাদেশের লোক ঐতিহ্য সম্বলিত নিদর্শন ও আমাদের নিজস্ব সংস্কৃতি সম্পর্কে অবহিত হবে এবং সে সব কিছুকে বিষয় করে নিজের মতো ছবি সাজিয়ে ইচ্ছেমতো রঙ করবে।

### শিখন ফল

৩.১.২ শিশু তার দেখা দর্শনীয় স্থান এবং লোক ঐতিহ্যের ছবি আঁকতে পারবে।

### উপকরণ

ছবি আঁকার উপযোগী কাগজ, রঙ-তুলি, অয়েল প্যাস্টেল, কালার প্যালেট ইত্যাদি।



## বিষয়বস্তু

শিশুর দেখা দর্শনীয় স্থান, মেলা ইত্যাদি ।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে বাংলাদেশের ঐতিহ্যগত বিষয় এবং বাংলাদেশের লোকসংস্কৃতি সম্পর্কে যেমন, গ্রাম্য মেলা, পহেলা বৈশাখ ইত্যাদির গল্প শোনাবেন এবং দেশের ঐতিহাসিক সব বিষয় কোথায় সংরক্ষিত থাকে সে সম্পর্কে ধারণা প্রদানের পাশাপাশি সেখানে বেড়াতে যেতে উৎসাহিত করবেন এবং এসব ধারণা থেকে শিশুদের ছবি আঁকতে উৎসাহিত করবেন । প্রয়োজনে এসব বিষয়ের ছবি শ্রেণিকক্ষে প্রদর্শনের মাধ্যমে শিশুদেরকে আমাদের ঐতিহ্য ও সংস্কৃতির প্রতি আগ্রহী হয়ে উঠতে এবং এসব বিষয়ের ছবি আঁকতে উৎসাহী করে তুলবেন ।

## পরিকল্পিত কাজ

শিশুর অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়ে ছবি আঁকতে উৎসাহিত করার লক্ষ্যে শিক্ষক কিছু নমুনা প্রদর্শন করবেন এবং এ ধরনের ছবি বাড়িতে যাতে শিশুরা এঁকে পরবর্তী ক্লাসে নিয়ে আসে সে জন্য উৎসাহ যোগাবেন ।

## মূল্যায়ন

শিশুরা বাংলাদেশের নিজস্ব সংস্কৃতি ও ঐতিহ্য বিষয়ে জানতে পেরেছে কিনা এবং এ বিষয়গুলোকে নিয়ে ছবি আঁকতে আনন্দ পাচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন । শ্রেণিকক্ষে শিশুদের কাছ থেকে তাদের আঁকা ছবি সম্পর্কে জানতে চাইবেন । যদি কেউ এ ধরনের ছবি আঁকতে উৎসাহ না পায় তাহলে তাকে উৎসাহ দিয়ে ছবি সম্পন্ন করতে শিক্ষক সাহায্য করবেন এবং অপেক্ষাকৃত ভালো ছবি শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন ।

## পাঠ-৫

এই পাঠে শিশুরা দেশের স্মৃতি বিজড়িত স্থান সম্পর্কে বিস্তারিত জানবে । পাশপাশি বিনোদনমূলক স্থান সম্পর্কে জানবে এবং সেখানকার পরিবেশের উপর ছবি আঁকবে ।

## শিখন ফল

২.১.২ শিশু তার দেখা দর্শনীয়, স্মৃতি বিজড়িত ও বিনোদনমূলক স্থানের ছবি ইচ্ছেমতো এঁকে রঙ করতে পারবে ।

## উপকরণ

ছবি আঁকার উপযোগী কাগজ, জলরঙ, তুলি, অয়েল প্যাস্টেল, কালার প্যালেট ইত্যাদি ।



## বিষয়বস্তু

১.১.১ শিশুর দেখা বিভিন্ন দর্শনীয়, স্মৃতি বিজড়িত ও বিনোদনমূলক স্থান।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে বাংলাদেশের স্মৃতি বিজড়িত স্থানের বিষয়ে বিস্তারিতভাবে ধারণা দেওয়ার পাশাপাশি বিভিন্ন বিনোদনমূলক স্থানের বিষয়ে শিশুদের অবহিত করবেন এবং এ বিষয়গুলোকে নিয়ে শিশুদের ইচ্ছেমতো ছবি এঁকে রঙ করতে উৎসাহিত করার পাশাপাশি শিশুদের এসব স্থানে বেড়াতে যেতে আগ্রহী করে তুলবেন। প্রয়োজনে শিক্ষক নমুনা হিসেবে নিজে এঁকে বা সংগ্রহ করা কোনো ছবি শ্রেণিকক্ষে প্রদর্শন করে শিশুদের আনন্দ দেবেন।

## পরিকল্পিত কাজ

শিশুর অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়ে ছবি আঁকায় উৎসাহিত করার লক্ষ্যে শিক্ষক কিছু নমুনা প্রদর্শন করবেন এবং শিশুরা যেন বাড়িতে এর চর্চা অব্যাহত রাখে সে জন্য অনুপ্রেরণা যোগাবেন।
অঙ্কিত চিত্রে ব্যবহৃত পেন্সিল শনাক্ত করবে।

## মূল্যায়ন

শিশুরা শ্রেণিকক্ষে বিভিন্ন দর্শনীয় স্থানের বর্ণনা বা গল্প শুনে সে স্থানের প্রতি আকৃষ্ট হচ্ছে কিনা বা এর প্রেক্ষিতে শিশুরা নিজের কল্পনায় বা স্মৃতি থেকে সে স্থানের ছবি সুন্দরভাবে আঁকতে আনন্দ পাচ্ছে কিনা শিক্ষক সেদিকে বিশেষ নজর দেবেন। শিশুরা যেন একে অপরের ছবি সম্পর্কে গঠনমূলক মন্তব্য করে সে পরিবেশ সৃষ্টি করবেন। অপেক্ষাকৃত ভালো ছবি শিশুদের আকৃষ্ট করার জন্য শ্রেণিকক্ষে প্রদর্শন করবেন।

## চতুর্থ অধ্যায়

# বর্ণমালা লেখা/সুন্দর হাতের লেখার অভ্যাস করা

### অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ সরু একটু মোটা, মাঝারি মোটা এবং বেশ মোটা বিভিন্ন মাপের কলম দিয়ে লেখা শেখা।

### শিখন ফল

৪.১.১ শিশুরা বিভিন্ন মাপের কলম সম্পর্কে জানতে পারবে।

৪.১.২ শিশুরা খাগ বা কঞ্চির কলম তৈরি করতে এবং প্রয়োগ করতে পারবে।

### পাঠ বিভাজন– ৩টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা বাজারে প্রচলিত বিভিন্ন মাপের কলম সম্পর্কে জানবে এবং এর মাধ্যমে সুন্দর হাতের লেখার অভ্যাস করবে।

### শিখন ফল

৪.১.১ বিভিন্ন মাপের কলম সম্পর্কে জানতে পারবে এবং এর ব্যবহার করতে পারবে।

### উপকরণ

বিভিন্ন প্রকার ঝর্ণা কলম, পয়েন্ট পেন, ক্রোকাইল নিব, কালি, সাদা কাগজ।

# মেঘের কোলে রোদ হেসেছে
# বাদল গেছে টুটি,
# আজ আমাদের ছুটি ওভাই,
# আজ আমাদের ছুটি।

### বিষয় বস্তু

৪.১.১ সুন্দর হাতের লেখার চর্চা।

### শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক শিশুদেরকে বাজারে প্রচলিত বিভিন্ন মাপের কলম ও কালি সম্পর্কে ধারণা দেবেন এবং এর মাধ্যমে সুন্দরভাবে লেখার জন্য কোনো কবিতার পঙতি নির্ধারণ করে দেবেন এবং দাগ ছাড়া সাদা কাগজে সুন্দর, সঠিকভাবে লাইন সোজা করে লিখতে উৎসাহ দেবেন। প্রয়োজনে শিক্ষক এ ধরনের কলম ও কালি শিশুদের দেখাবেন এবং নিজে কিছু লিখে শিশুদেরকে এর ভিন্নতা সম্পর্কে অবহিত করবেন।

### পরিকল্পিত কাজ

শিক্ষক শিশুদেরকে প্রচলিত বিভিন্ন মাপের কলম সংগ্রহ করে সে সব কলম দিয়ে বাড়ি থেকে দাগ ছাড়া সাদা কাগজে সুন্দর হাতের লেখা লিখতে উৎসাহীত করবেন।

### মূল্যায়ন

শিশুরা প্রচলিত কলম, ক্রোকাইল নিব ইত্যাদি ব্যবহার করে সাদা কাগজে সঠিক মাপের অক্ষর প্রয়োগের মাধ্যমে লাইন সোজা করে সুন্দর ও পরিচ্ছন্ন হাতের লেখা লিখতে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন এবং সুন্দর লেখাগুলো সকলকে উৎসাহ দেওয়ার জন্য প্রদর্শন করবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা কঞ্চি বা খাগের তৈরি কলম দিয়ে একটু মোটা এবং মাঝারি মোটা বর্ণমালা লিখবে।

### শিখন ফল

৪.১.২ শিশুরা কঞ্চি বা খাগের কলম তৈরি করতে এবং প্রয়োগ করতে পারবে।

### উপকরণ

কঞ্চি বা খাগের তৈরি কলম একটু মোটা ও মাঝারি মোটা কলম, চাইনিজ ইন্‌ক বা সাধারণ কালি, কাগজ।



## বিষয়বস্তু

বিভিন্ন আকৃতির বর্ণমালা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদের হাতে কঞ্চি বা খাগের তৈরি কলম নেড়ে চেড়ে খেলতে দেবেন ও কলম তৈরির কৌশল শিশুদের দেখাবেন এবং শিশুরা যেন কঞ্চি বা খাগ দিয়ে কলম তৈরি করে বাড়িতে সুন্দর ও সঠিকভাবে বর্ণমালা লেখার অভ্যাস করে, সে বিষয়ে নির্দেশনা দেবেন। প্রয়োজনে শিক্ষকগণ তাৎক্ষণিকভাবে কঞ্চি বা খাগের কলমের মাধ্যমে কিছু লিখে শিশুদের আগ্রহী করে তুলবেন। পরবর্তী ক্লাসে যেন শিশুরা এ কলমের সাহায্যে কোনো কবিতার পঙক্তি সুন্দরভাবে লিখে সঙ্গে আনে সেজন্য উৎসাহ দেবেন।

## পরিকল্পিত কাজ

শিক্ষক শিশুদেরকে বাড়িতে কঞ্চি বা খাগ দিয়ে কলম তৈরির মাধ্যমে সুন্দর বর্ণমালা লেখা চর্চার পাশাপাশি পরবর্তী ক্লাসে বেশ মোটা মাপের কলম তৈরি করে আনতে উৎসাহ দেবেন।

## মূল্যায়ন

শিশুরা কঞ্চি বা খাগের কলম তৈরির কৌশল এবং এর প্রয়োগ ভালো ভাবে বুঝতে পেরেছে কিনা এবং এ কলমের লেখা দেখে তারাও নিজেরা কলম তৈরিতে উৎসাহী হয়েছে কিনা শিক্ষক সেদিকে বিশেষভাবে লক্ষ রাখবেন। পাশাপাশি এই কৌশল শিশুদের মনে কতটা আনন্দ এনে দিয়েছে সেদিকেও লক্ষ্য রাখবেন।

## পাঠ-৩

পূর্বের পাঠে শিশুরা কঞ্চি বা খাগ থেকে কলম তৈরির কৌশল ও লেখা সম্পর্কে জেনেছে। এই পাঠে শিশুরা এ সকল উপকরণের মাধ্যমে নিজের নাম, বাবা-মার নাম বিভিন্ন আকৃতির এবং লাইন সোজা করে সুন্দরভাবে লেখার মাধ্যমে নিজের সৌন্দর্যবোধের প্রসার ঘটাবে।

## শিখন ফল

৪.১.২ শিশুরা কঞ্চি বা খাগের কলম তৈরি করতে এবং প্রয়োগ করতে পারবে।

## উপকরণ

কঞ্চি বা খাগের তৈরি কলম, চাইনিজ ইনৃক বা সাধারণ কালি ও সাদা কাগজ।

নাম- ফকির প্রত্যয় মাহমুদ আদিত্য

ভাই- ফকির প্রণয় মাহমুদ অর্পন

মা- নাজমুন নাহার কলি

বাবা- জাকির হোসেন ফকির

## বিষয়বস্তু

৪.১.১ বিভিন্ন আকৃতির বর্ণমালা

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে পূর্ব নির্ধারিত উপকরণের মাধ্যমে সুন্দর, মোটা ও সঠিকভাবে লাইন সোজা করে নিজের নাম ও মা-বাবার নাম লিখতে নির্দেশনা দেবেন এবং লাইন সোজা করে লেখার প্রয়োজনীয়তার বিষয় আলোচনা করবেন। প্রয়োজনে নিজের লেখা কোনো কবিতার পঙক্তি বা চিঠির অংশবিশেষ শিশুদের দৃষ্টি আকর্ষণ ও উৎসাহ যোগানোর জন্য শ্রেণিকক্ষে প্রদর্শন করবেন।

## পরিকল্পিত কাজ

বিভিন্নমাপের কঞ্চি বা খাগের কলম দিয়ে লাইন সোজা করে যেন শিশুরা বাড়িতে লেখার অনুশীলন করে শিক্ষক সে বিষয়ে শিশুদের উৎসাহ দেবেন।

## মূল্যায়ন

শিশুরা কঞ্চি বা খাগের কলম ব্যবহার করে সুন্দর, সঠিক ও লাইন সোজা করে লিখতে আনন্দ পাচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন। যদি কারও লেখার লাইন সোজা না হয় তাকে লাইন সোজা করে লিখতে অনুপ্রেরণা যোগাবেন এবং শিশুদের লেখা থেকে অপেক্ষাকৃত ভালো লেখা শিশুদের আনন্দ ও উৎসাহের জন্য প্রদর্শন করবেন।

পঞ্চম অধ্যায়

# রেখা চিত্র অঙ্কন

## অর্জন উপযোগী যোগ্যতা

৫.১.১ মুক্ত হস্তে রেখা দিয়ে ছোট বড় অনেকগুলো বৃত্ত এঁকে নিজের মতো নকশা বা ছবি তৈরি করতে পারবে।

## শিখন ফল

৫.১.১. মুক্ত হস্তে ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত আঁকতে পারবে।

৫.১.২ অঙ্কিত সব ফর্ম দিয়ে নকশা তৈরি করতে পারবে।

## পাঠ বিভাজন-৪টি পাঠ

### পাঠ-১


এই পাঠে শিশুরা মুক্ত হস্তে ত্রিভুজ, চতুর্ভুজ, বৃত্ত এঁকে পছন্দ মতো নকশা তৈরি করবে।

### শিখন ফল

৫.১.১ মুক্ত হস্তে ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত আঁকতে পারবে।

### উপকরণ

সাদা কাগজ, পেন্সিল, গ্লাস মার্কিং পেন্সিল ইত্যাদি।



## বিষয়বস্তু

৫.১.১ ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে নকশা অঙ্কন।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে সাদা কাগজে মুক্ত হস্তে ছোট বড় বিভিন্ন মাপের ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত সাজিয়ে তাদের পছন্দ মতো নকশা তৈরি করতে উৎসাহ দেবেন। প্রয়োজনে শিশুদের ধারণা দেওয়ার জন্য শিক্ষক ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে শিশুদের উপযোগী একটি নকশা এঁকে রঙ করে দেখাবেন।

## পরিকল্পিত কাজ

শিশুরা সাদা কাগজে মুক্ত হস্তে বিভিন্ন ফর্মের সাহায্যে নকশা তৈরি করবে। শিক্ষক শিশুদেরকে পরবর্তী ক্লাসে মোটা কাগজ ও বিভিন্ন প্রকার রঙিন মোটা কলম সাথে আনতে উৎসাহিত করবেন।

### মূল্যায়ন

শিশুরা বিভিন্ন রকম জ্যামিতিক ফর্ম সাজিয়ে তাদের মনের মতো নকশা এঁকে রঙ করতে উৎসাহ বা আনন্দ পাচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। শিশুদের তৈরি নকশার মধ্য থেকে অপেক্ষাকৃত ভালো নকশাটি শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

### পাঠ-২


এই পাঠে শিশুরা সাদা কাগজে বিভিন্ন রকম রঙিন মোটা কলম দিয়ে মুক্ত হস্তে ছোট বড় বিভিন্ন ধরনের ত্রিভুজ ও চতুর্ভুজ ও বৃত্ত বেশি করে এঁকে তাদের পছন্দ মতো নকশা তৈরি করবে।

### শিখন ফল

৫.১.১ মুক্ত হস্তে ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত আঁকতে পারবে।

### উপকরণ

মোটা সাদা কাগজ, বিভিন্ন প্রকার মোটা রঙিন কলম ইত্যাদি।



## বিষয়বস্তু

৫.১.১ ত্রিভুজ, চতুর্ভুজ, বৃত্তের সমন্বয়ে নকশা অঙ্কন।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে সাদা কাগজের উপর বিভিন্ন প্রকার রঙিন মোটা কলম দিয়ে মুক্ত হস্তে বিভিন্ন মাপের ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত আঁকতে উৎসাহিত করবেন এবং সেখান থেকে বিভিন্ন জ্যামিতিক ফর্ম অন্য একটি সাদা কাগজে তাদের পছন্দমতো সাজিয়ে নকশা তৈরি করতে নির্দেশনা দেবেন। প্রয়োজনে এ ধরনের উপকরণের মাধ্যমে শিক্ষকগণ নিজে তাৎক্ষণিক একটি নকশা তৈরি করে শিশুদের নকশা তৈরিতে আকৃষ্ট করবেন।

## পরিকল্পিত কাজ

৫.১.১ সাদা কাগজে মুক্ত হস্তে বিভিন্ন মাপের ফর্মের সাহায্যে নকশা তৈরির কৌশল শিক্ষক শিশুদের দেখাবেন এবং বাড়িতে এগুলো তৈরি করতে উৎসাহ দেওয়ার পাশাপাশি নকশাগুলো পরবর্তী ক্লাসে সঙ্গে আনতে নির্দেশনা প্রদান করবেন।

## মূল্যায়ন

শিশুরা খেলার ছলে সাদা কাগজে মুক্ত হস্তে বিভিন্ন প্রকার রঙিন মোটা কলম দিয়ে তাদের পছন্দ মতো নকশা তৈরি করতে আগ্রহী হচ্ছে কিনা বা আনন্দ পাচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন। শিক্ষক শিশুদের একে অপরের নকশা সম্পর্কে মন্তব্য প্রদানের পরিবেশ সৃষ্টি করবেন এবং অপেক্ষাকৃত ভালো নকশাটি শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

## পাঠ-৩


এই পাঠটি সম্পূর্ণই পর্যবেক্ষণমূলকভাবে শিক্ষক শিশুদের সামনে উপস্থাপন করবেন। শিশুরা এই পাঠ থেকে পোস্টার রঙে ডিজাইন তৈরির কৌশল সম্পর্কে ধারণা গ্রহণ করবে।

## শিখন ফল

৫.১.২ অঙ্কিত সব ফর্ম দিয়ে নকশা তৈরি করতে পারবে।

## উপকরণ

পোস্টার রঙে নকশা তৈরির উপযোগী কাগজ, পোস্টার রঙ, তুলি, কালার প্যালেট, পানির পাত্র ইত্যাদি।



## বিষয়বস্তু

ত্রির্ভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে নকশা অঙ্কন।

## শিখন শেখানো কার্যাবলি

পূর্বেই বলা হয়েছে, এই পাঠটি সম্পূর্ণভাবে শিশুদের পর্যবেক্ষণের মাধ্যমে নতুনভাবে নকশা তৈরির কৌশল সম্পর্কে ধারণা গ্রহণের। তাই শিক্ষকগণ নিজেই ক্লাসে কখনো ত্রিভুজ ও চতুর্ভুজ আবার কখনো বা ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে বেসিক ডিজাইন এঁকে পোস্টার রঙে নকশাটি সম্পন্ন করার কৌশল সম্পর্কে অবহিত করবেন। পাশাপাশি এই পাঠ দানের সময়ে শিশুদের বেসিক ডিজাইন করার জন্য নির্ধারিত মাপের মধ্যে ফর্মগুলো কীভাবে পূরণ করে নক্শা তৈরি করতে হয় সে ধারণা প্রদান করে সে অনুযায়ী কোন নকশা শ্রেণিকক্ষে প্রদর্শন করবেন এবং শিশুদেরকেও সাদা কাগজে শুধু পেন্সিল দিয়ে নির্দেশনা অনুযায়ী তাদের ইচ্ছেমতো নকশা তৈরিতে উৎসাহ প্রদান করবেন।

### পরিকল্পিত কাজ

বাড়িতে সাদা কাগজে মুক্ত হস্তে বিভিন্ন মাপের জ্যামিতিক ফর্মের মাধ্যমে নকশা তৈরি করে পোস্টার রঙ দিয়ে রঙ করতে উৎসাহ দেবেন। রঙ যেন ড্রইং এর বাইরে না যায় বা নকশাকে আরও পরিচ্ছন্ন করার বিষয়ে ধারণা প্রদান করবেন।

### মূল্যায়ন

নিদৃষ্ট মাপের মধ্যে বিভিন্ন প্রকার জ্যামিতিক ফর্ম ব্যবহার করে নকশা করা, পোস্টার রঙে রঙ করা বা পরিচ্ছন্নতার প্রয়োজনীয়তা সম্পর্কে করণীয় ইত্যাদি বিষয়ে শিশুরা অবহিত হয়েছে কিনা বা তারা বাড়িতে সে অনুযায়ী অনুশীলন করতে আগ্রহী হচ্ছে কিনা শিক্ষক সে বিষয়ে শিশুদের নিকট থেকে জেনে নেবেন এবং শ্রেণিকক্ষে শুধু পেন্সিলে অঙ্কিত নকশাগুলি থেকে শিশুদের মন্তব্যের ভিত্তিতে প্রদর্শন করে শিশুদের আগ্রহী করে তুলবেন।

## পাঠ-৪


পূর্বের পাঠে শিশুরা বেসিক ডিজাইন সম্পর্কে ধারণা গ্রহণ করেছে। এই পাঠে শিশুরা সে ধারণা থেকে নিজের মতো করে নকশা তৈরি করে পোস্টার রঙ দিয়ে তা সম্পন্ন করবে।

### শিখন ফল

৫.১.২ অঙ্কিত সব ফর্ম দিয়ে নকশা তৈরি করতে পারবে এবং পোস্টার রঙ দিয়ে নিজের ইচ্ছার রঙগুলো প্রয়োগের বহিঃপ্রকাশ ঘটাতে পারবে।

### উপকরণ

নকশা অঙ্কন উপযোগী কাগজ, পোস্টার, রঙ, তুলি, কালার প্যালেট, স্কেল, কম্পাস ইত্যাদি।



## বিষয়বস্তু

মৌলিক ও মিশ্রিত রঙের মাধ্যমে নকশা রঙ করা।

## শিখন শেখানো কার্যাবলি

পূর্বে পাঠে শিক্ষক শিশুদেরকে বেসিক ডিজাইন বা মূল নক্শা সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা প্রদান করেছেন। এই পাঠে প্রাপ্ত ধারণা থেকে নির্দিষ্ট মাপের মধ্যে ইচ্ছেমতো নকশা এঁকে বিভিন্ন মৌলিক ও মিশ্রিত রঙের মাধ্যমে সম্পন্ন করতে শিশুদের নির্দেশনা প্রদান করবেন। প্রয়োজনে শিক্ষক পূর্বে তৈরি করা এ ধরনের কোনো নকশা শ্রেণিকক্ষে প্রদর্শনের মাধ্যমে শিশুদের আনন্দ দিয়ে নকশা আঁকার প্রতি আকৃষ্ট করবেন।

## পরিকল্পিত কাজ

সাদা-কাগজে মুক্ত হস্তে বিভিন্ন মাপের ফর্মের সাহায্যে নকশা আঁকার পাশাপাশি বিভিন্ন রঙের মিশ্রণে শিশুদের ইচ্ছেমতো নকশা বাড়িতে অনুশীলন করতে উৎসাহ দেবেন।

## মূল্যায়ন

শিশুরা নকশা তৈরির কৌশল সঠিকভাবে জানতে পেরেছে কিনা বা সেভাবে নকশা তৈরি করতে পারছে কিনা কিংবা কোনো শিশু পিছিয়ে আছে কিনা এসব দিকে শিক্ষক বিশেষ লক্ষ রাখবেন। শিশুদের তৈরি নকশা সম্পর্কে সকলকে মতামত প্রদানের জন্য উৎসাহ যোগাবেন এবং অপেক্ষাকৃত ভালো নকশাটি শ্রেণিকক্ষে প্রদর্শন করে শিশুদের আকৃষ্ট করবেন।



## বিষয়বস্তু

৫.১.১ ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে নকশা অঙ্কন।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে সাদা কাগজে মুক্ত হস্তে ছোট বড় বিভিন্ন মাপের ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত সাজিয়ে তাদের পছন্দ মতো নকশা তৈরি করতে উৎসাহ দেবেন। প্রয়োজনে শিশুদের ধারণা দেওয়ার জন্য শিক্ষক ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে শিশুদের উপযোগী একটি নকশা এঁকে রঙ করে দেখাবেন।

## পরিকল্পিত কাজ

শিশুরা সাদা কাগজে মুক্ত হস্তে বিভিন্ন ফর্মের সাহায্যে নকশা তৈরি করবে। শিক্ষক শিশুদেরকে পরবর্তী ক্লাসে মোটা কাগজ ও বিভিন্ন প্রকার রঙিন মোটা কলম সাথে আনতে উৎসাহিত করবেন।

**ষষ্ঠ অধ্যায়**

# মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রঙ করা

## অর্জন উপযোগী যোগ্যতা

৬.১ ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সাহায্যে নকশা অঙ্কন করে নকশাটি মৌলিক ও মিশ্রিত রঙ দিয়ে ভরাট করতে পারা।

## শিখন ফল

৬.১.১ মৌলিক রঙগুলো সম্পর্কে বলতে পারা

৬.১.২ দুইটি মৌলিক রঙ মিশিয়ে তৈরিকৃত রঙ সম্পর্কে জানতে ও প্রয়োগ করতে পারবে।

## পাঠ বিভাজন– ৩টি পাঠ

### পাঠ-১


এই পাঠে শিশুরা ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে নকশা এঁকে মৌলিক রঙে ভরাট করবে।

## শিখন ফল

৬.১.১ মৌলিক রঙ সম্পর্কে বলতে পারার পাশাপাশি প্রয়োগ করতে পারবে।

## উপকরণ

কাগজ, পেন্সিল, প্যাস্টেল রঙ, জলরঙ, তুলি, কালার প্যালেট ইত্যাদি।



## বিষয় বস্তু

৬.১.১ মৌলিক রঙ চেনা ও এর সাহায্যে অঙ্কিত নকশা রঙ করা।

## শিখন শেখানো কার্যাবলি

পূর্বের শ্রেণিতে শিশুরা মৌলিক রঙ সম্পর্কে জেনেছে এই পাঠে শিশুদেরকে সাদা কাগজে ত্রিভূজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে ইচ্ছেমতো নকশা এঁকে তা মৌলিক রঙ তিনটি দিয়ে ভরাট করতে শিক্ষক নির্দেশনা প্রদান করবেন। প্রয়োজনে শিক্ষকগণ পূর্ব থেকে তৈরি করা মৌলিক রঙের সাহায্যে অঙ্কিত একটি নকশা শিশুদের দেখিয়ে তাদের মাঝে আনন্দের সঞ্চার করবেন এবং আগ্রহী করে তুলবেন।

## পরিকল্পিত কাজ

খেলার ছলে শিশুরা মৌলিক রঙের মাধ্যমে নকশা এঁকে রঙ করবে। শিক্ষক শিশুদেরকে বাড়িতে এ ধরনের নকশা আঁকতে ও রঙ করতে উৎসাহিত করবেন।

## মূল্যায়ন

পূর্বের শ্রেণিতে শেখা মৌলিক রঙ সম্পর্কে শিশুদের মনে আছে কিনা শিক্ষক জেনে নেবেন এবং এই পাঠে শিশুরা মৌলিক রঙ প্রয়োগ করে তাদের তৈরি নকশা ভালোভাবে রঙ করতে পারছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। সম্পূর্ণ পাঠটি যেন আনন্দদায়ক হয় শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। শ্রেণিকক্ষে সম্পন্ন করা ভালো নকশাটি শিশুদের মতামতের ভিত্তিতে শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা সম্পূর্ণ খেলার ছলে বিভিন্ন মৌলিক রঙের মিশ্রণে যে নতুন রঙ তৈরি হয় সে সম্পর্কে ধারণা পাওয়ার পাশাপাশি রঙের ঘনত্ব সম্পর্কে জানতে পারবে।

## শিখন ফল

৬.১.২ দুইটি মৌলিক রঙ মিশিয়ে তৈরিকৃত রঙ সম্পর্কে জানতে পারবে।

## উপকরণ

ছবি আঁকার উপযোগী কাগজ, পেন্সিল, জলরঙ, কালার প্যালেট, তুলি ইত্যাদি



## বিষয়বস্তু

মৌলিক রঙের মিশ্রণের সৃষ্ট নতুন রঙ সম্পর্কে জানা।

## শিখন শেখানো কার্যাবলি

পূর্বের শ্রেণিতে শিশুরা দুইটি মৌলিক রঙের মিশ্রণে সৃষ্ট নতুন রঙ সম্পর্কে জেনেছে। শিক্ষক এই পাঠে মৌলিক রঙের মিশ্রণের পাশাপাশি কখনো একটি রঙ বেশি আবার কখনো অন্য রঙ বেশি এভাবে রঙ মিশিয়ে নতুন রঙ তৈরির খেলায় মেতে উঠতে উৎসাহ সৃষ্টি করবেন এবং মিশ্রণের ফলে সৃষ্ট রঙ দিয়ে সাদা কাগজের উপর তাদের ইচ্ছেমতো প্রয়োগ করতে বলবেন এবং নতুন রঙটির নাম শিক্ষক শিশুদের খাতায় লিখতে উৎসাহ দেবেন। এছাড়াও শিক্ষক রঙের ঘনত্ব সম্পর্কে শিশুদের ধারণা প্রদান করবেন। প্রয়োজনে শিক্ষক শিশুদের ধারণা প্রদানের জন্য নিজে এর মিশ্রণ ঘটিয়ে তা প্রদর্শন করবেন এবং তা করবেন ভিন্ন কাগজে, কখনোই শিশুর ছবিতে হাত লাগাবেন না।

## পরিকল্পিত কাজ

খেলার ছলে শিশুরা বিভিন্ন রঙের মিশ্রণ ও ঘনত্ব সম্পর্কে শিখবে এবং মিশ্রণের ফলে সৃষ্ট রঙের নাম শিখবে। এছাড়াও শিক্ষক শিশুদের বাড়িতে এ ধরনের খেলায় মেতে উঠতে এবং তাদের পছন্দমতো নক্শা এঁকে রঙ করতে উৎসাহ দেবেন।

## মূল্যায়ন

এই পাঠটি সম্পূর্ণভাবে শিশুদের একটি রঙের খেলায় মেতে উঠার ক্লাস। ফলে শিশুর নতুন রঙের সৃষ্টিতে কতটা আনন্দ পেয়েছে বা কে কত বেশি রঙ তৈরি করতে পারছে কিংবা শিশুরা তাদের সৃষ্ট রঙগুলোর নাম ঠিকমতো জানতে বা লিখতে পারছে কিনা শিক্ষক সেদিকে বিশেষ নজর দেবেন। শিশুদের আরও উৎসাহিত করার জন্য বেশি রঙ তৈরিকৃত কাগজটি শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।


## পাঠ-৩

পূর্বের পাঠে শিশুরা রঙ তৈরির খেলার আনন্দে মেতে উঠেছিল। এই পাঠে সেসব রঙ ব্যবহার করে নক্শা তৈরি করতে পেরে আরও বেশি আনন্দে মেতে উঠবে।

## শিখন ফল

৬.১.২ দুইটি মৌলিক রঙ মিশিয়ে তৈরিকৃত রঙ সম্পর্কে জানতে ও প্রয়োগ করতে পারবে।

## উপকরণ
**ছবি আঁকার উপযোগী কাগজ, পেন্সিল, জলরঙ বা পোস্টার রঙ, তুলি, কালার প্যালেট ইত্যাদি।**



## বিষয়বস্তু
**৬.১.১ মৌলিক রঙ মিশ্রণ করতে শেখা এবং মিশ্রণের ফলে সৃষ্ট নতুন রঙ ও মৌলিক রঙের সমন্বয়ে নকশা রঙ করা।**

## শিখন শেখানো কার্যাবলি
**এই পাঠে শিক্ষক শিশুদেরকে পূর্বের পাঠের ন্যায় রঙের মিশ্রণের মাধ্যমে নতুন রঙ তৈরি করতে উৎসাহ দেবেন এবং ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে ইচ্ছেমতো নকশা এঁকে তৈরিকৃত রঙ ও মৌলিক রঙের সমন্বয়ে নকশাটি ভরাট করতে উৎসাহ দেবেন। প্রয়োজনে শিক্ষক এ ধরনের কোনো নমুনা শ্রেণিকক্ষে প্রদর্শন করে শিশুদের আনন্দ দেবেন। সম্পূর্ণ পাঠটি যেন আনন্দদায়ক হয় শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন।**

### পরিকল্পিত কাজ

শিশুরা নতুন নতুন রঙ তৈরির আনন্দে ছবি আঁকার পাশাপাশি তারা যেন বাড়িতে এসব সৃষ্ট রঙের সাথে প্রকৃতির বিভিন্ন বস্তুর রঙের সাথে মেলানোর অনুশীলন করে সে ব্যাপারে উৎসাহ প্রদান করবেন এবং শ্রেণিকক্ষে রঙের ঘনত্বের বিষয় শিশুদের ব্যবহারিকভাবে ধারণা প্রদান করবেন। এছাড়া অন্যান্য রঙের সাথেও মিশ্রণের খেলাটি চর্চা করতে উৎসাহিত করবেন।

### মূল্যায়ন

শিশুরা বিভিন্ন রঙের মিশ্রণের ফলে সৃষ্ট নতুন রঙ সম্পর্কে সঠিক ধারণা পেল কিনা বা এসব রঙের সাহায্যে ছবি আঁকতে আগ্রহী হয়ে উঠছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। শ্রেণিকক্ষে যদি কোনো শিশু রঙ তৈরির খেলায় এবং তৈরিকৃত রঙ প্রয়োগে পিছিয়ে থাকে তাহলে তাকে উৎসাহব্যঞ্জক উক্তি শুনিয়ে এগিয়ে নিতে শিক্ষক সহযোগিতা করবেন এবং তার সৃষ্ট রঙ সম্পর্কে জানতে চাইবেন। এছাড়াও শিশুদের আঁকা ভালো ছবিটি শ্রেণিকক্ষে আনন্দ দেবার জন্য প্রদর্শন করবেন।

সপ্তম অধ্যায়

# অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া

## অর্জন উপযোগী যোগ্যতা

৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাট-খড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, ঝিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি অন্যান্য শিল্পকর্ম বানাতে পারা।

## শিখন ফল

৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং সেগুলো ব্যবহার করে বিভিন্ন রকমের ঘড়ি, চশমা, চরকা, ফল-ফুল, পুতুল ইত্যাদি বানাতে পারবে।

### পাঠ বিভাজন- ৪টি পাঠ

## পাঠ-১

প্রচলিত উপকরণ ছাড়া অন্যান্য যে সকল উপকরণ দিয়ে শিল্পকর্ম তৈরি করা যায় শিশুরা এই পাঠে সেসব বিষয়ে ধারণা পাবে।

## শিখন ফল

৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং সেগুলো ব্যবহার করে বিভিন্ন রকমের ফল, পুতুল ইত্যাদি বানাতে পারবে।

## উপকরণ

কাদামাটি, পানি।





## বিষয়বস্তু

অন্যান্য উপকরণের মাধ্যমে শিল্পকর্ম তৈরিতে দক্ষতা অর্জন করা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে ছবি আঁকার প্রচলিত উপকরণের পাশাপাশি অন্যান্য উপকরণ দিয়ে শিল্পকর্ম তৈরির কৌশল সম্পর্কে শিক্ষক শিশুদেরকে ধারণা প্রদান করার জন্য এবং শিশুদেরকে আনন্দ দেওয়ার জন্য কাদামাটি টিপেটিপে বিভিন্ন রকম পুতুল ও ফলের আকৃতি তৈরি করে শিশুদের দেখাবেন এবং বাড়িতে এ ধরনের শিল্পকর্ম তৈরিতে উৎসাহ যোগাবেন।

## পরিকল্পিত কাজ

রঙ, তুলি, পেন্সিল ইত্যাদি প্রচলিত উপকরণের বাইরে অন্যান্য উপকরণ ব্যবহার করে শিল্পকর্ম তৈরির ধারণা সৃষ্টি করা।

## মূল্যায়ন

প্রচলিত উপকরণের বাইরে অন্যান্য উপকরণ ব্যবহার করে শিল্পকর্ম তৈরির ধারণা শিশুরা পেয়েছে কিনা শিক্ষক তাদের কাছে জেনে নেবেন। যদি কোনো শিশু এ ধারণা পরিপূর্ণভাবে পেয়ে না থাকে তবে তাকে শিক্ষক অতিরিক্ত সময় দিয়ে পুনরায় বুঝিয়ে বলবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা বিভিন্নরকম রঙিন কাগজ বা পাট খড়ি ব্যবহার করে শিল্পকর্ম তৈরির কৌশল সম্পর্কে ধারণা পাবে।

## শিখন ফল

৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং বিভিন্ন রকম শিল্পকর্ম বানাতে পারবে।

## উপকরণ

বিভিন্ন প্রকার রঙিন কাগজ, আঠা, পাট খড়ি ইত্যাদি।



### বিষয়বস্তু

অন্যান্য উপকরণের মাধ্যমে ছবি ও শিল্পকর্ম তৈরিতে দক্ষতা অর্জন করা ।

### শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে কাগজ দিয়ে বিভিন্ন রকম শিল্পকর্ম তৈরির কৌশল সম্পর্কে ধারণা প্রদান করবেন । প্রয়োজনে শিশুদের আনন্দ দেওয়ার জন্য শিক্ষক শ্রেণিকক্ষে কাগজ দিয়ে বিভিন্ন প্রকার ফুল, চরকা ইত্যাদি তৈরি করে ঝালর-এর ব্যবহার সম্পর্কে ধারণা প্রদান করে শিশুদেরকে এ ধরনের শিল্প তৈরিতে উৎসাহ যোগাবেন ।

### পরিকল্পিত কাজ

ছবি আঁকার প্রচলিত উপকরণের বাইরে অন্যান্য উপকরণ ব্যবহার করে শিল্পকর্ম তৈরির ধারণা সৃষ্টি করা এবং বাড়িতে অনুশীলনে আগ্রহী করা ।

### মূল্যায়ন


কাগজ দিয়ে শিল্পকর্ম তৈরির কৌশল সম্পর্কে শিশুরা জানতে পেরেছে কিনা বা এ ধরনের শিল্প তৈরিতে তাদের মধ্যে আগ্রহ বা আনন্দের সৃষ্টি হচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন এবং শিশুদের নিকট থেকে জানতে চাইবেন । যদি কোনো শিশু শিল্প তৈরির কৌশল সম্পর্কে না বুঝে থাকে তাহলে কোনো প্রকার মন্তব্য না করে তাকে শিক্ষক পুনরায় বুঝিয়ে দেবেন ।

## পাঠ-৩

এই পাঠে শিশুরা বিভিন্ন প্রকার পাতার সাহায্যে শিল্পকর্ম তৈরি করার ধারণা গ্রহণ করবে ।

### শিক্ষন ফল

৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং সেগুলো ব্যবহার করে বিভিন্নরকম শিল্পকর্ম বানাতে পারবে ।



### বিষয়বস্তু

অন্যান্য উপকরণের মাধ্যমে শিল্পকর্ম তৈরিতে দক্ষতা অর্জন করা যেমন– ঘড়ি, চশমা, চরকা, পাখা, পাটি ইত্যাদি ।

### শিক্ষন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে বিভিন্নরকম সহজলভ্য পাতা দিয়ে বিভিন্নরকম শিল্পকর্ম তৈরির কৌশল সম্পর্কে ধারণা প্রদান করবেন। প্রয়োজনে এসব পাতা দিয়ে শিক্ষক নিজেই ঘড়ি, চশমা, চরকা এবং পাটির অংশবিশেষ তৈরি করে শিশুদের মাঝে নতুন কিছু সৃষ্টি করার ইচ্ছা জাগিয়ে তুলবেন এবং শিশুদের বাড়িতে তাদের ইচ্ছেমতো কিছু তৈরি করতে উৎসাহিত করবেন ।

### পরিকল্পিত কাজ

শিক্ষক শিশুদেরকে প্রচলিত উপকরণের বাইরে অন্যান্য উপকরণ ব্যবহার করে শিল্পকর্ম তৈরির ধারণা সৃষ্টি এবং তৈরি করার জন্য আগ্রহ সৃষ্টি করবেন ।

### মূল্যায়ন

শিশুরা বিভিন্ন প্রকার পাতার সাহার্যে শিল্পকর্ম তৈরির কৌশল সম্পর্কে জানতে পেয়েছে কিনা বা তারা এ ধরনের শিল্পকর্ম তৈরি করতে আগ্রহী হচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন ।

## পাঠ-৪

এই পাঠে শিশুরা বিভিন্ন প্রকার ফেলনা জিনিস দিয়ে শিল্পকর্ম তৈরি করতে ধারণা লাভ করবে এবং এ ধরনের অপ্রয়োজনীয় বা ফেলনা জিনিস দিয়ে যে কোনো শিল্পকর্ম তৈরি করা যায় সে বিষয়ে ধারণা লাভ করে নতুন কিছু তৈরির আনন্দে শিশুরা মেতে উঠবে ।

### শিখন ফল

৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং সেগুলো ব্যবহার করে বিভিন্ন রকম শিল্পকর্ম তৈরি করতে পারবে ।

### উপকরণ

ঝিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো, আঠা, রঙ ইত্যাদি ।



## বিষয়বস্তু

অন্যান্য উপকরণের মাধ্যমে ছবি ও শিল্পকর্ম তৈরিতে দক্ষতা অর্জন করা। যেমন– বিভিন্ন ধরনের পুতুল ও শিল্পকর্ম ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

প্রচলিত উপকরণের বাইরে বিভিন্ন প্রকার ফেলনা বা অপ্রয়োজনীয় দ্রব্য ব্যবহার করে যে মজার মজার শিল্পকর্ম তৈরি করা যায় শিক্ষকগণ শিশুদের সে বিষয়ে ধারণা প্রদান করবেন। প্রয়োজনে শিক্ষক এ ধরনের উপকরণ ব্যবহার করে তৈরি শিল্পকর্ম সংগ্রহ করে এবং তাৎক্ষণিকভাবে নিজেই শিশুদের উপযোগী কিছু তৈরি করে তাদের আনন্দ ও উৎসাহ দেওয়ার জন্য প্রদর্শন করবেন। এ ধরনের উপকরণ সংগ্রহ করার জন্য শিশুদের মধ্যে আগ্রহ সৃষ্টি করবেন এবং বাড়িতে যেন তারা অনুশীলন করে সেভাবে শিশুদের অনুপ্রেরণা দেবেন।

## পরিকল্পিত কাজ

রঙ তুলি, পেন্সিল ইত্যাদি প্রচলিত উপকরণের বাইরে অন্যান্য উপকরণ ব্যবহার করে শিল্পকর্ম তৈরির ধারণা সৃষ্টি করা। একই ধরনের উপকরণ ও মিশ্র উপকরণ এর মাধ্যমে শিল্পকর্ম তৈরি করার জন্য শিক্ষক শিশুদেরকে উদ্বুদ্ধ করে তুলবেন।

## মূল্যায়ন

বিভিন্ন প্রকার ফেলনা জিনিস দিয়ে শিল্পকর্ম তৈরির ধারণা শিশুরা আনন্দের সাথে শিখতে পারছে কিনা বা এ ধরনের কিছু তৈরিতে তাদের আগ্রহ সৃষ্টি হচ্ছে কিনা শিক্ষক সেদিকে বিশেষ লক্ষ রাখবেন। কোনো শিশু এই পাঠ সম্পর্কে সঠিক ধারণা না পেয়ে থাকলে তাকে শিক্ষক সময় দিয়ে বুঝাতে বা আয়ত্ব করতে সাহায্য করবেন।

অষ্টম অধ্যায়

# কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা

## অর্জন উপযোগী যোগ্যতা

৮.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমতো গোলাকার যে কোনো ফল তৈরি করতে পারবে। যেমন– আতা, ডালিম, বাতাবি লেবু, বেল ইত্যাদি।

৮.২. কাদামাটি দিয়ে শিল-নোড়া, বাটি, মাছ, পাখি, বাংলা ও ইংরেজি অক্ষর তৈরি করা।

## শিখন ফল

৮.১.১ কাদামাটি দিয়ে বিভিন্ন রকম ফল তৈরি করতে পারবে।

৮.১.২ কাদামাটি দিয়ে শিশুরা বিভিন্নরকম মাছ, পাখি ইত্যাদি তৈরি করতে পারবে।

৮.১.৩ কাদামাটি দিয়ে তৈরি কয়েলের সাহায্যে বিভিন্নরকম অক্ষর তৈরি করতে পারবে।

৮.১.৪ বস্তুর আকৃতি ও গঠন সম্পর্কে বলতে পারবে।

## পাঠ বিভাজন- ৪টি পাঠ

### পাঠ-১

এই পাঠে শিশুরা কাদামাটি দিয়ে বিভিন্ন প্রকার গোলাকার ফলের বাস্তব আকার, আকৃতি ও রূপ দেবে।

## শিখন ফল

৮.১.১ কাদামাটি দিয়ে শিশুরা বিভিন্নরকম ফল তৈরি করতে পারবে।

## উপকরণ

কাদামাটি, বাঁশের চটা, ইত্যাদি।



## বিষয়বস্তু

কাদামাটি দিয়ে বিভিন্নরকম ফল তৈরি করা যেমন–আতা, ডালিম, বাতাবি লেবু, বেল ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুদেরকে কাদামাটি দিয়ে শিল্পকর্ম তৈরি সম্পর্কে বোঝাবেন। প্রয়োজনে মাটি দিয়ে একটি গোলাকার ফল তৈরি করে এর তৈরি কৌশল সম্পর্কে শিশুদেরকে ধারণা প্রদান করবেন এবং শিশুদেরকে তাদের গোলাকার পছন্দের কোনো ফল তৈরি করতে উৎসাহ দেবেন।

## পরিকল্পিত কাজ

নমুনা হিসেবে বিভিন্নরকম মাটির ফল, ক্লাসে দেখাবেন এবং শিশুদের বাড়িতে এ ধরনের ফল তৈরিতে উৎসাহ দেবেন।

## মূল্যায়ন

শিশুরা মাটি টিপে টিপে তাদের পছন্দের গোলাকার ফল তৈরি করতে আনন্দ পাচ্ছে কিনা বা তৈরির কৌশল সম্পর্কে ধারণা সঠিকভাবে পেয়েছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। শ্রেণিকক্ষে মাটির জিনিস তৈরিতে পিছিয়ে পড়া শিশুকে উৎসাহ প্রদানের মাধ্যমে তাকে কাজ সম্পন্ন করতে শিক্ষক সহযোগিতা করবেন। অপেক্ষাকৃত ভালো কাজটি শিশুদের আনন্দ দেওয়ার জন্য শ্রেণিকক্ষে প্রদর্শন করবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা কাদামাটি দিয়ে খেলার ছলে তাদের দেখা ও পছন্দের বিভিন্নরকম মাছ ও পাখি ইত্যাদি তৈরি করবে।

## শিখন ফল

৮.১.২ কাদামাটি দিয়ে শিশুরা বিভিন্নরকম মাছ, পাখি ইত্যাদি তৈরি করতে পারবে।

## উপকরণ

কাদামাটি, বাঁশের চটা ইত্যাদি।



## বিষয়বস্তু

৮.১.১ কাদামাটি দিয়ে বিভিন্নরকম মাছ ও পাখি তৈরি করা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে খেলার ছলে তাদের দেখা ও পছন্দের মাছ ও পাখি মাটি দিয়ে তৈরি করতে উৎসাহ দেবেন। প্রয়োজনে মাটির তৈরি মাছ, পাখি সংগ্রহ করে অথবা শিক্ষক তাৎক্ষণিকভাবে শিশুদের পছন্দ অনুযায়ী মাছ, পাখি তৈরি করে শ্রেণিকক্ষে প্রদর্শন করবেন এবং তৈরির কৌশল সম্পর্কে অবহিত করার পাশাপাশি এ ধরনের শিল্পকর্ম তৈরির জন্য কোন ধরনের মাটি প্রয়োজন হয় সে বিষয়ে ধারণা প্রদান করবেন।

## পরিকল্পিত কাজ

নমুনা হিসেবে বিভিন্নরকম মাটির তৈরি মাছ, পাখি শিশুরা শ্রেণিকক্ষে দেখবে এবং তৈরি করবে।

## মূল্যায়ন

শিশুরা মাটি দিয়ে তাদের দেখা ও পছন্দের মাছ ও পাখি সঠিকভাবে আনন্দের সাথে তৈরি করতে পারছে কিনা বা এসব শিল্পকর্ম তৈরির কৌশল সম্পর্কে সঠিকভাবে বুঝতে পারছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন। শ্রেণিকক্ষে শিশুদের তৈরিকৃত ভালো মানের শিল্পকর্মটি উৎসাহ দেওয়ার জন্য প্রদর্শনের ব্যবস্থা করবেন।

## পাঠ-৩


এই পাঠে শিশুরা মাটির তৈরি কয়েলের মাধ্যমে বিভিন্নরকম বর্ণমালা লেখার মাধ্যমে তাদের আনন্দের বহিঃপ্রকাশ ঘটাবে।

## শিখন ফল

৮.১.৩ কাদামাটি দিয়ে তৈরি কয়েলের সাহায্যে বিভিন্ন রকম অক্ষর তৈরি করতে পারবে।

## উপকরণ

কাদামাটি ইত্যাদি।





## বিষয়বস্তু

কাদামাটি দিয়ে তৈরি কয়েলের সাহায্যে বিভিন্নরকম অক্ষর তৈরি ।

## শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক শিশুদেরকে মাটি দিয়ে কয়েল তৈরি করতে শেখাবেন এবং কয়েলের মাধ্যমে কীভাবে আঁকাবাঁকা করে সাজিয়ে বর্ণমালা লেখা যায় সে সম্পর্কে ধারণা প্রদানের জন্য নিজেই কয়েলের মাধ্যমে অক্ষর লিখে শিশুদের মাঝে প্রদর্শন করবেন এবং শিশুদেরকে কয়েল তৈরি করে খেলার ছলে বর্ণমালা লিখতে বা তৈরি করতে উৎসাহ দেবেন ।

## পরিকল্পিত কাজ

শিশুরা মাটির তৈরি কয়েলের মাধ্যমে বর্ণমালা লেখা দেখবে এবং তারাও আনন্দের সাথে বর্ণমালা লিখবে বা তৈরি করবে ।

### মূল্যায়ন

শিশুরা মাটি দিয়ে কয়েল তৈরি করে তৈরিকৃত কয়েলের মাধ্যমে বিভিন্ন আকৃতির বর্ণমালা তৈরি করতে পারছে কিনা বা বর্ণমালা তৈরিতে আনন্দ উপভোগ করছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন। যদি কোনো শিশু এ পাঠে আনন্দ উপভোগ না করে তাহলে শিক্ষক সে শিশুকে আগ্রহী করার লক্ষ্যে বিভিন্ন উদ্দীপনামূলক উক্তির মাধ্যমে তাকে কাজ সম্পন্ন করতে উৎসাহিত করবেন। শ্রেণিকক্ষে তৈরি করা অপেক্ষাকৃত ভালো বর্ণমালা বা অক্ষরগুলো শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন।

## পাঠ-৪

এই পাঠটি সম্পূর্ণভাবে শিশুদের পর্যবেক্ষণমূলক। তাই এই পাঠে শিশুরা বিভিন্নরকম মাটির তৈরি পাত্রের আকৃতিগতভাবে ধারণা লাভ করার পাশাপাশি সেগুলো তৈরির চেষ্টা করবে।

### শিখন ফল

৮.১.৪ বস্তুর আকৃতি ও গঠন সম্পর্কে বলতে পারবে।

### উপকরণ

কাদামাটি, বাঁশের চটার তৈরি ছুরি ইত্যাদি।



## বিষয়বস্তু

৮.১.২ মাটির তৈরি বিভিন্ন আকৃতির কয়েল পট বা বাটি বা বিভিন্ন আকৃতির পাত্র।

## শিখন শেখানো কার্যাবলি

পূর্বের পাঠে শিশুরা কয়েল তৈরি করতে শিখেছে। এই পাঠে শিক্ষক কয়েলের মাধ্যমে কীভাবে বিভিন্ন আকৃতির পাত্র তৈরি করা যায় সে সম্পর্কে শিশুদের ধারণা প্রদান করবেন। প্রয়োজনে মাটির তৈরি বিভিন্ন আকৃতির বা গঠনের পাত্র সংগ্রহ করে অথবা নিজের তৈরি কোন পাত্র শ্রেণিকক্ষে প্রদর্শনের মাধ্যমে শিশুদের মাটির পাত্র তৈরিতে আগ্রহী করে তুলবেন এবং শিশুদেরকে বাড়িতে বিভিন্ন ধরনের/আকৃতির বা গঠনের পাত্র তৈরিতে উৎসাহ যোগাবেন।

## পরিকল্পিত কাজ

শিক্ষক শিশুদেরকে বিভিন্ন আকৃতির বা গঠনের মাটির তৈরি পাত্র দেখাবেন এবং তৈরির কৌশল সম্পর্কেও অবহিত করার পাশাপাশি বস্তুর/পাত্রের আকৃতি সম্পর্কে ধারণা প্রদান করবেন।

## মূল্যায়ন

শিশুরা মাটির তৈরি পাত্রের আকৃতি বা গঠন সম্পর্কে বলতে পারছে কিনা এবং সেভাবে কিছু তৈরিতে আগ্রহী হচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। যদি কোনো শিশু আকৃতি বা গঠন সম্পর্কে ধারণা না পেয়ে থাকে তবে তাকে অতিরিক্ত সময় দিয়ে বিষয়গুলি শিক্ষক বুঝতে সহযোগিতা করবেন।

নবম অধ্যায়

# রঙিন ও সাদা কালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা লাগিয়ে নানা রকম শিল্পকর্ম তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে ছবি তৈরি করা

## অর্জন উপযোগী যোগ্যতা

৯.১ রঙিন টুকরো কাগজ বা কাপড় দিয়ে ইচ্ছেমতো ছবি ও নকশা তৈরি করতে পারা।

৮.২. রঙিন কাগজ কেটে বাংলা ও ইংরেজি বর্ণমালা বা কোনো লেখা তৈরি করতে পারা।

## শিখন ফল

৯.১.১ রঙিন কাগজ বা কাপড় ছিঁড়ে অথবা কেটে নানারকম নকশা তৈরি করতে পারবে।

৮.১.২ রঙিন কাগজ কেটে নানারকম বর্ণমালা বা লেখা তৈরি করতে পারবে।

## পাঠ বিভাজন– ৩টি পাঠ

### পাঠ-১


এই পাঠে শিশুরা রঙিন ও সাদা কালো কাগজ ছিঁড়ে বা কেটে ফর্ম বা তাদের ইচ্ছেমতো ছবি বা নকশা তৈরি করবে।

### শিখন ফল

৯.১.১ রঙিন বা সাদা-কালো কাগজ ছিঁড়ে বা কেটে নকশা তৈরি করতে পারবে।

### উপকরণ

রঙিন বা সাদা-কালো কাগজ, কাঁচি, আঠা, পেন্সিল ইত্যাদি।



## বিষয়বস্তু

**৯.১.১** কাগজ ছিঁড়ে অথবা কেটে ছবি বা নকশা তৈরি করা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুরা রঙিন বা সাদা-কালো কাগজ ছিঁড়ে অথবা কেটে আঠা দিয়ে অন্য কাগজের উপর লাগিয়ে জ্যামিতিক ফর্মে অথবা তাদের ইচ্ছেমতো ছবি বা নকশা তৈরি করবে। প্রয়োজনে শিক্ষকগণ কাগজের তৈরি কোনো ছবি বা নকশা পূর্ব প্রস্তুতিমূলকভাবে শ্রেণিকক্ষে প্রদর্শন করে শিশুদের এ ধরনের উপকরণ দিয়েও যে নানারকম শিল্পকর্ম তৈরি করা যায় সেদিকে আকৃষ্ট করবেন এবং শিশুদের এ ধরনের মাধ্যমে ছবি বা নকশা তৈরিতে উৎসাহ প্রদান করবেন। শিশুদের এ ধরনের কাজে আগ্রহী করার লক্ষ্যে শিক্ষকগণ বিষয় নির্বাচন থেকে বিরত থাকবেন।

## পরিকল্পিত কাজ

রঙিন বা সাদা-কালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা দিয়ে লাগিয়ে শিল্পকর্ম তৈরির কৌশল শিশুরা শিক্ষকদের নিকট থেকে দেখবে এবং শিক্ষক শিশুদেরকে বাড়িতে অবসর সময়ে এ ধরনের কাজ করার উৎসাহ যোগাবেন।

## মূল্যায়ন

শিশুরা অনেক ক্ষেত্রে রঙ-তুলি না থাকলে ছবি আঁকার আগ্রহ পায় না। সে ক্ষেত্রে রঙিন কাগজ ছিঁড়ে বা কেটেও যে দৃষ্টিনন্দন নানা ছবি বা নকশা তৈরি করা যায় শিশুরা তা বুঝতে পারছে কিনা, তারা এসব তৈরির কৌশল ভালোভাবে শিখছে কিনা অথবা তৈরিতে আগ্রহী হচ্ছে কিনা শিক্ষক সেদিকে বিশেষ নজর দেবেন। শিশুদের তৈরি অপেক্ষাকৃত ভালো কাজটি শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

## পাঠ-২


এই পাঠে রঙিন কাগজ দিয়ে শিশুরা বাংলা ও ইংরেজি বর্ণমালা তৈরি করবে এবং সেগুলো মোটা সাদা কাগজের উপর আঠা দিয়ে লাগাবে।

## শিখন ফল

৯.১.১ রঙিন কাগজ কেটে নানারকম বর্ণমালা বা লেখা তৈরি করতে পারবে।

## উপকরণ

রঙিন কাগজ, কাঁচি, আঠা, মোটা সাদা কাগজ, পেন্সিল ইত্যাদি।



## বিষয়বস্তু

৯.১.১ রঙিন কাগজ কেটে বর্ণমালা লেখা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে পূর্ব থেকেই শিক্ষক কাগজ কেটে বর্ণমালা তৈরি করবে বা কোনো কবিতার পঙতি তৈরি করে অন্য কাগজের উপর আঠা দিয়ে লাগিয়ে সঙ্গে আনবেন। শিশুদের সেগুলো দেখানোর পাশাপাশি একটা অক্ষর তৈরি করা শেখাবেন এবং শিশুদের নিজের নাম বা বাবা-মার নাম সেভাবে তৈরি করতে উৎসাহ প্রদান করবেন। প্রয়োজনে কোনো কবিতার পঙক্তি ও লেখার জন্য নির্দেশনা দিতে পারেন।

## পরিকল্পিত কাজ

রঙিন কাগজ ছিঁড়ে বা কেটে বর্ণমালা তৈরি করে শিশুদের দেখাবেন এবং শিশুদের বর্ণমালা তৈরি করতে উৎসাহী করে তুলবেন। পাশাপাশি শিশুদের ব্যবহার উপযোগী কাঁচি সম্পর্কে ধারণা প্রদান করবেন।

## মূল্যায়ন

শিশুরা কাগজ কেটে বিভিন্নরকম বর্ণমালা তৈরি করতে পারছে কিনা বা সেগুলো তৈরি করতে আনন্দ পাচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন। কোনো শিশু যদি এ ধরনের কাজে পিছিয়ে থাকে তার দিকে শিক্ষক বিশেষ নজর দেবেন। শ্রেণি কক্ষে তৈরি অপেক্ষাকৃত ভালো অক্ষরগুলো শিশুদের উৎসাহ প্রদানের জন্য প্রদর্শনের ব্যবস্থা করবেন।

## পাঠ-৩

এই পাঠে শিশুরা বিভিন্ন প্রকার রঙিন ও প্রিন্টের কাপড় কেটে তাদের পছন্দমতো নকশা বা তার পছন্দের ছবি তৈরি করবে। ফলে রঙ-তুলির পাশাপাাশি বিভিন্ন অপ্রয়োজনীয় ফেলনা টুকরো কাপড় সংগ্রহের দিকে আকৃষ্ট হয়ে সেগুলো দিয়ে তারা নানারকম শিল্পকর্ম তৈরি করবে।

## শিখন ফল

৯.১.১ রঙিন কাপড় ছিঁড়ে অথবা কেটে নানারকম নকশা তৈরি করতে পারবে।

## উপকরণ

বিভিন্ন প্রকার রঙিন কাপড়, মোটা বোর্ড/কাগজ, কাঁচি, আঠা ইত্যাদি।



## বিষয়বস্তু

৯.১.১ কাপড় কেটে নকশা তৈরি ।

## শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক কাপড় কেটে তৈরিকৃত অথবা সংগৃহীত শিশুদের উপযোগী কোনো নকশা বা ছবি শ্রেণিকক্ষে প্রদর্শন করার পাশাপাশি তৈরির কৌশল শিশুদের দেখাবেন এবং টুকরো কাপড় দিয়ে তাদের পছন্দের নকশা বা ছবি তৈরিতে উৎসাহ প্রদান করবেন ।

## পরিকল্পিত কাজ

শিক্ষক শিশুদেরকে নানারকম টুকরো রঙিন কাপড় সংগ্রহ করতে উৎসাহ দেবেন এবং সেগুলো কেটে অন্য একটি মোটা কাগজ বা বোর্ডে আঠা দিয়ে লাগিয়ে সুন্দর শিল্পকর্ম তৈরির ধারণা প্রদানের পাশাপাশি বাড়িতে এ ধরনের কিছু তৈরিতে আগ্রহী করে তুলবেন।

## মূল্যায়ন

রঙ-তুলির পাশাপাশি বিভিন্নরকম ফেলনা বা টুকরো রঙিন কাগজ দিয়ে নক্‌শা বা ছবি তৈরির কৌশল শিশুরা আয়ত্ব করে নিজেরা তৈরি করতে আনন্দ পাচ্ছে কিনা বা আগ্রহী হচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। শিশুদের তৈরি অপেক্ষাকৃত ভালো কাজটি তাদের মাঝে আনন্দ দেওয়ার জন্য শ্রেণিকক্ষে প্রদর্শনের পাশাপাশি সকল শিশুকে অন্যদের ছবি সম্পর্কে মতামত প্রকাশের সুযোগ ও পরিবেশ তৈরি করবেন।

### দশম অধ্যায়

# খেজুর পাতা, নারিকেল পাতা, নূড়ি পাথর, ঝিনুক, ডিমের খোসা ইত্যাদি উপকরণ দিয়ে কিছু তৈরি করা

## অর্জন উপযোগী যোগ্যতা

১০.১ খেজুর পাতা, নারিকেল পাতা, তাল পাতা ও কলা পাতা দিয়ে সহজে নানা ধরনের ঝুড়ি, পাটি, বাঁশি, টুপি ইত্যাদি তৈরি করতে পারা।

১০.২. ঝিনুক, ডিমের খোসা, নূড়ি পাথর ইত্যাদির উপর নক্‌শার মাধ্যমে বিভিন্নরকম খেলনা তৈরি করতে পারবে।

## শিখন ফল

১০.১.১ খেজুর পাতা, তাল পাতা, নারিকেল পাতা ও কলাপাতা দিয়ে বিভিন্ন রকমের ঝুড়ি, পাটি, বাঁশি ইত্যাদি তৈরি করতে পারবে।

১০.১.২ ঝিনুক, ডিমের খোসা, নূড়ি পাথর ইত্যাদির উপর নক্‌শার মাধ্যমে বিভিন্নরকম খেলনা তৈরি করতে পারবে।

## পাঠ বিভাজন- ২টি পাঠ

## পাঠ-১

এই পাঠে শিশুরা বিভিন্নরকম পাতার সাহায্যে নানারকম গৃহসামগ্রী বা পছন্দের কিছু তৈরি করে তাদের সৃজনশীলতার বহিঃপ্রকাশ ঘটাবে।

## শিখন ফল

১০.১.১ খেজুর পাতা, তালপাতা, নারিকেল পাতা ও কলাপাতা দিয়ে বিভিন্ন রকমের ঝুড়ি, পাটি, বাঁশি ইত্যাদি তৈরি করতে পারবে।

## উপকরণ

খেজুর পাতা, তাল পাতা, নারিকেল পাতা, কলাপাতা।



## বিষয়বস্তু

১০.১.১ বিভিন্ন রকম পাতা দিয়ে ঝুড়ি, পাটি, বাঁশি ও টুপি ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক বিভিন্ন প্রকার পাতার তৈরি নানা ধরনের সামগ্রী সংগ্রহ করে শিশুদের দেখানোর পাশাপাশি এসব সামগ্রী তৈরির কৌশল শিশুদেরকে শেখাবেন এবং এগুলো বাড়িতে তৈরি করতে উৎসাহী করবেন।

## পরিকল্পিত কাজ

শিক্ষক শিশুদের পাতা দিয়ে তৈরি বিভিন্ন প্রকার সামগ্রী দেখাবেন এবং এর তৈরির কৌশল সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদানের পাশাপাশি বিভিন্ন ধরনের পাতা সংগ্রহ করে বাড়িতে শিশুদের ইচ্ছেমতো শিল্পকর্ম তৈরিতে উৎসাহ প্রদান করবেন এবং তৈরিকৃত শিল্পকর্ম পরবর্তী ক্লাসে সঙ্গে নিয়ে আসতে উৎসাহ দেবেন।

## মূল্যায়ন

শিশুরা পাতা দিয়ে বিভিন্ন প্রকার সামগ্রী তৈরির কৌশল বা পদ্ধতি সঠিকভাবে জেনেছে কিনা এবং এসকল শিল্পকর্ম বাড়িতে সঠিকভাবে তৈরি করতে পারছে কিনা শিক্ষক সেদিকে বিশেষভাবে লক্ষ রাখবেন। এ ধরনের সামগ্রী তৈরিতে পিছিয়ে পড়া শিশুদেরকে অতিরিক্ত সময় দিয়ে পুনরায় তৈরির কৌশল বুঝিয়ে দেবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা বিভিন্ন রকম ফেলনা জিনিসপত্র দিয়ে আকর্ষণীয় খেলনা বা পুতুল তৈরি করতে শিখবে।



## শিখন ফল

ঝিনুক, ডিমের খোসা, নুড়ি পাথর ইত্যাদির উপর নকশার মাধ্যমে বিভিন্নরকম খেলনা তৈরি করতে পারবে।

## উপকরণ

ঝিনুক, ডিমের খোসা, নুড়ি পাথর ইত্যাদি।

## বিষয়বস্তু

ফেলনা জিনিসপত্র দিয়ে আকর্ষণীয় কিছু তৈরি করা।

## শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক পূর্বের পাঠে শেখা থেকে শিশুদের তৈরি সামগ্রীগুলো শ্রেণিকক্ষে এই পাঠের পূর্বেই সকলের দেখার ও মন্তব্য করার পরিবেশ সৃষ্টি করবেন। এই পাঠে শিক্ষক বিভিন্ন প্রকার ফেলনা জিনিস যেমন– ডিমের খোসা, ঝিনুক, নুড়ি পাথর ইত্যাদির মাধ্যমে তৈরিকৃত শিশুদের আকর্ষণ করে এমন কোনো খেলনা বা পুতুল সংগ্রহ করে আনবেন এবং শিশুদের সামনে প্রদর্শন করার পাশাপাশি এগুলো একটির সাথে অপরটি কীভাবে আঠা দিয়ে লাগিয়ে সুন্দরভাবে রঙ করে পছন্দের খেলনা বা পুতুল তৈরি করা যায় সে বিষয়ে বিস্তারিত ধারণা প্রদান করবেন। শিশুরা যেন এগুলো সংগ্রহ করে বাড়িতে তাদের পছন্দের খেলনা বা পুতুল তৈরি করে সে জন্য উৎসাহিত করবেন।

## পরিকল্পিত কাজ

শিক্ষক ঝিনুক, ডিমের খোসা, নুড়ি পাথর ইত্যাদি দিয়ে তৈরি করা শিশুদের পছন্দ অনুযায়ী খেলনা বা পুতুল শিশুদের শ্রেণিকক্ষে দেখাবেন এবং এগুলো সংগ্রহ করে তাদের পছন্দের খেলনা তৈরিতে আগ্রহী করে তুলবেন।

## মূল্যায়ন

বিভিন্ন প্রকার ফেলনা জিনিস দিয়ে তৈরি করা খেলার সামগ্রী দেখে এবং এর তৈরির কৌশল দেখে শিশুরা আনন্দ পাচ্ছে কিনা বা তারা বাড়িতে তৈরিতে আগ্রহ প্রকাশ করছে কিনা শিক্ষক সেদিকে পর্যবেক্ষণ করার পাশাপাশি যদি কোনো শিশু আগ্রহী না হয়ে থাকে তাহলে তাকে পুনরায় বোঝানোর মাধ্যমে আগ্রহী করে তুলবেন।

একাদশ অধ্যায়

# পাঠ দিয়ে রশি, বেণী ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা

## অর্জন উপযোগী যোগ্যতা

১১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণী, শিকা ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে পারা।

## শিখন ফল

১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণী পদ্ধতিতে শিকা, ঝুড়িসহ বিভিন্ন ব্যবহার্য ও নান্দনিক সামগ্রী তৈরি করতে পারবে।

### পাঠ বিভাজন- ৩টি পাঠ

## পাঠ-১

এই পাঠে শিশুরা পাট দিয়ে বেণী তৈরি পদ্ধতিতে শিকা তৈরি করবে।



## শিখন ফল

১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণী পদ্ধতিতে শিকা তৈরি করতে পারবে।

**উপকরণ:** পাট।

## বিষয়বস্তু

পাট ও পাটের রশি দিয়ে শিকা তৈরি করা।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে শ্রেণিকক্ষে পূর্ব থেকে সংগ্রহ করা শিকা দেখাবেন। শিকা কিভাবে তৈরি করা হয়, এক গোছা পাঠ দিয়ে কীভাবে মোটা একটি বেণী তৈরি করা হয়, সেখান থেকে কিভাবে আলাদা আলাদা ছোট বেণী তৈরি করা হয়, পুনরায় আবার দুইটি বেণী একত্রিত করে আস্তে আস্তে কীভাবে পরিপূর্ণ একটি শিকা তৈরি করা হয় সে কৌশলগুলি বিস্তারিত শিশুদেরকে

শেখাবেন এবং বাড়িতে শিকা তৈরি করে বিভিন্ন স্থানে বিভিন্ন রঙ দিয়ে সাজাতে উৎসাহ যোগাবেন। আমাদের দৈনন্দিন জীবনে শিকার প্রয়োজনীয়তা সম্পর্কে শিক্ষক শিশুদেরকে অবহিত করবেন।

## পরিকল্পিত কাজ

পাট ও পাটের রশি দিয়ে বেণী পদ্ধতিতে শিকা তৈরি কৌশল শিক্ষক শিশুদের বিস্তারিতভাবে শেখাবেন এবং বাড়িতে তৈরি করতে উৎসাহ দেবেন সাথে সাথে পরবর্তী ক্লাসে পাট সংগ্রহ করে আনতে উৎসাহ যোগাবেন।

## মূল্যায়ন

পাট দিয়ে বেণী পদ্ধতিতে শিকা বানানোর কৌশল শিশুরা বুঝতে পেরেছে কিনা এবং পাট দিয়ে শিকা তৈরিতে আগ্রহ প্রকাশসহ এর প্রয়োজনীয়তা সম্পর্কে শিশুরা জানতে পারছে কিনা শিক্ষক সে বিষয় লক্ষ রাখবেন। যদি কোনো শিশু এ বিষয়গুলো ঠিকমতো বুঝতে না পেরে থাকে তাহলে পুনরায় তাদের সুন্দরভাবে শিক্ষক বুঝিয়ে দেবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা পাট দিয়ে তাদের পছন্দের পুতুল, খেলনা ইত্যাদি তৈরি করবে এবং খেলায় মেতে উঠবে।



## শিখন ফল

১১.১.১ পাট দিয়ে শিশুরা তাদের পছন্দের খেলনা পুতুল ইত্যাদি তৈরি করতে পারবে।

## উপকরণ

পাট, পাট খড়ি, রঙিন সুতা, রঙ তুলি ইত্যাদি।

## বিষয়বস্তু

১১.১.১ পাট দিয়ে তৈরি পছন্দের খেলনা পুতুল ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিশুদেরকে শিক্ষক পাট দিয়ে বিভিন্ন প্রকার খেলনা, পুতুল ইত্যাদি সংগ্রহ করে দেখাবেন। প্রয়োজনে শিক্ষকগণ পাট ভাজ করে বিভিন্ন প্রকার রঙিন সুতা দিয়ে পেচিয়ে পুতুল বা খেলনার আকৃতি

তৈরি করার কৌশল শেখাবেন আবার কখনো বা পাট দিয়ে বেণী তৈরি করে তৈরিকৃত বেণী দিয়ে মাথার চুল তৈরি করে রঙের মাধ্যমে পুতুলের নাক, চোখ, মুখ ইত্যাদি এঁকে কীভাবে পুতুল, বর বউ তৈরি করা যায় সে বিষয় ধারণা প্রদান করবেন এবং শিশুদের খেলার ছলে তাদের পছন্দমতো খেলনা বা পুতুল তৈরিতে উৎসাহ দেবেন। শিশুদের তৈরিকৃত পুতুল তাদের ইচ্ছেমতো রঙে রঙিন করতে উৎসাহ দেবেন।

## পরিকল্পিত কাজ

পাট ও পাটের রশি দিয়ে বুনন অথবা বেণী তৈরি করে বা বেণী ও পাট খড়ি সমন্বয়ে বিভিন্নরকম খেলনা ও পুতুল তৈরি করবে। পাশাপাশি শিশুদের সৃজনশীলতা ও শিল্প নৈপুণ্য বৃদ্ধির লক্ষ্যে শিশুদেরকে বাড়িতে এ ধরনের খেলনা বা পুতুল তৈরিতে আগ্রহী করে তুলবেন।

## মূল্যায়ন

শিশুরা পাট দিয়ে বিভিন্নরকম পুতুল বা খেলনা সামগ্রী তৈরির কৌশল সম্পর্কে সঠিকভাবে ধারণা পেয়েছে কিনা বা সে ধারণা থেকে শিশুরা তাদের পছন্দের পুতুল, খেলনা সামগ্রী আনন্দের সাথে তৈরি করতে পারছে কিনা শিক্ষক সেদিকে বিশেষ নজর দেবেন। এ ধরনের শিল্প সৃষ্টিতে শিশুরা আগ্রহী হচ্ছে কিনা বা বাড়িতে তৈরিতে আগ্রহী হচ্ছে কিনা শিক্ষক সে বিষয়গুলি পর্যবেক্ষণ করবেন। শিশুদের তৈরিকৃত সামগ্রীর মধ্য থেকে অপেক্ষাকৃত ভালো শিল্পকর্মটি শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুকে আনন্দ প্রদানের মাধ্যমে তার কাজ সম্পন্ন করতে সহযোগিতা করবেন।

## পাঠ-৩

এই পাঠে শিশুরা পাট দিয়ে বিভিন্নরকম গৃহসামগ্রী তৈরি করার কৌশল সম্পর্কে ধারণা লাভ করা থেকে সেগুলো তৈরি করবে। এর ফলে একজন শিশু সাবলম্বী হয়ে ছোটবেলা থেকেই গড়ে উঠবে। ফলে একজন শিশু ভবিষ্যতে কর্মমুখী বা কুটির শিল্প কর্মকান্ডে নিজেকে নিয়োজিত করতে পারবে।

## শিখন ফল

১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণী পদ্ধতিতে ঝুড়ি ও বিভিন্ন নান্দনিক সামগ্রী নির্মাণ করতে পারবে।

## উপকরণ

পাট।

### বিষয়বস্তু

**১১.১.১** পাটের তৈরি ব্যাগ, টেবিল ম্যাট ইত্যাদি ।

### শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক পাটের তৈরি বিভিন্ন প্রকার ঝুড়ি বা গৃহসামগ্রী সংগ্রহ করে শ্রেণিকক্ষে শিশুদের সামনে প্রদর্শন করবেন এবং তৈরির কৌশল সম্পর্কে বিস্তারিত ধারণা অর্থাৎ প্রথমে বেণী তৈরি করে সেই বেণী কীভাবে একটার সাথে অপরটা পেচিয়ে জোড়া লাগিয়ে ঝুড়ি বা বিভিন্ন প্রকার গৃহসামগ্রী তৈরি করা যায় সে সম্পর্কে শিশুদের বিস্তারিত ধারণা প্রদান করবেন পাশাপাশি সেগুলো বাড়িতে তৈরি করতে উৎসাহ প্রদান করবেন । শিক্ষক এ ধরনের সামগ্রীর ব্যবহার সম্পর্কেও ধারণা প্রদান করবেন ।

### পরিকল্পিত কাজ

শিশুরা বিভিন্ন প্রকার ঝুড়ি, গৃহসামগ্রী তৈরি করা শিখবে এবং শিক্ষক বাড়িতে অবসর সময়ে এ ধরনের সামগ্রী তৈরি করতে উৎসাহ দেবেন ।

### মূল্যায়ন

শিশুরা বিভিন্ন প্রকার ঝুড়ি ও গৃহসামগ্রী পাট দিয়ে তৈরির কৌশল সঠিকভাবে জেনেছে কিনা বা এগুলো তারা বাড়িতে তৈরিতে উৎসাহিত হচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখার পাশাপাশি যদি কোনো শিশু পরিপূর্ণ ধারণা না পেয়ে থাকে তাহলে শিক্ষক তাকে পুনরায় অতিরিক্ত সময় দিয়ে বিষয়টি সম্পর্কে সঠিক ধারণা পেতে সাহায্য করবেন ।





দ্বাদশ অধ্যায়

# বিভিন্ন জিনিস রঙ করতে পারা

## অর্জন উপযোগী যোগ্যতা

১২.১ সংগ্রহ বা নিজের তৈরি যে কোনো জিনিস রঙ করতে পারা।

## শিখন ফল

১২.১.১ কুম্ভকারদের (কুমার) তৈরি করা বিভিন্ন ধরনের মৃৎপাত্র সংগ্রহ করে তাতে নিজের মতো রঙ করে সুসজ্জিত করতে পারবে।

## পাঠ বিভাজন– ২টি পাঠ

## পাঠ-১

এই পাঠে শিশুরা বিভিন্ন প্রকার সংগৃহীত মৃৎপাত্র পছন্দমতো রঙে সজ্জিত করবে। ফলে শিশুরা নিজেদের ঘর সাজানোর মাধ্যমে আস্তে আস্তে রুচিশীল ও স্বনির্ভর জাতিতে পরিণত হবে।

## শিখন ফল

১২.১.১ কুম্ভকারদের (কুমার) তৈরি করা বিভিন্ন মৃৎপাত্র সংগ্রহ করে তাতে নিজের মতো রঙ করে সুসজ্জিত করতে পারবে।

## উপকরণ

সংগৃহীত মৃৎপাত্র, রঙ, তুলি, কালার প্যালেট ইত্যাদি।



## বিষয় বস্তু

অলঙ্করণ ও সুসজ্জিত করা

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক বিভিন্ন রঙে সুসজ্জিত মৃৎপাত্র সংগ্রহ করে শিশুদের দেখাবেন। প্রয়োজনে শিক্ষক নিজে একটি মৃৎপাত্র তাৎক্ষণিকভাবে শিশুদের আনন্দ দেওয়ার জন্য রঙ করে শিশুদের মাঝে উপস্থাপন করার পাশাপাশি শিশুদেরকে বাজার থেকে পছন্দ অনুযায়ী মৃৎপাত্র সংগ্রহ করে বাড়িতে ইচ্ছেমতো রঙ করতে উৎসাহ দেবেন।

### পরিকল্পিত কাজ

শিশুরা সংগ্রহ করা মৃৎপাত্রের গায়ে নিজেদের ইচ্ছেমতো রঙ ব্যবহার করে সজ্জিত করতে শিখবে। শিক্ষক কয়েকটি পাত্র পাশাপাশি সাজিয়ে শিশুদের কাছ থেকে তাদের অনুভূতি জানার মাধ্যমে এর সুন্দর ও নান্দনিক দিক সম্পর্কে শিশুদের মধ্যে আনন্দের সঞ্চার করবেন অর্থাৎ এর প্রয়োজনীয়তা ও ভালোলাগার বিষয়ে শিশুদের বোঝাবেন এবং পরবর্তী ক্লাসে শিশুদের নিজেদের তৈরি খেলনা পুতুল সঙ্গে আনতে উৎসাহ দেবেন।

### মূল্যায়ন

শিশুরা বিভিন্ন প্রকার রঙিন মৃৎপাত্র দেখে আনন্দ পেয়েছে কিনা বা রঙ করার কৌশল সম্পর্কে ধারণা সঠিকভাবে পেয়েছে কিনা কিম্বা তারা এ ধরনের কাজ করতে উৎসাহ পাওয়ার পাশাপাশি এর ব্যবহারিক নান্দনিক দিক সম্পর্কে ধারণা পেয়েছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা খেলাচ্ছলে নিজেদের তৈরি খেলনা বা পুতুল তাদের মনের মতো করে রঙ করবে।

### শিখন ফল

১২.১.১ নিজের হাতে তৈরি বিভিন্ন প্রকার খেলনা নিজের মতো করে রঙ করতে পারবে।

### উপকরণ

নিজের তৈরি খেলনা, পুতুল, রঙ তুলি ইত্যাদি।

### বিষয়বস্তু

১২.১.১ অলঙ্করণ ও সুসজ্জিত করা।

### শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক পূর্ব থেকে সংগ্রহ করা বা নিজের তৈরি অলংকৃত খেলনা পুতুল শিশুদের সামনে উপস্থাপন করবেন। এরপর শিক্ষক শিশুদের নিজেদের তৈরি পুতুল বা খেলনা তাদের পছন্দের রঙে নিজের মনের মতো করে সজ্জিত করতে নির্দেশনা প্রদান করবেন। পাঠটি যেন আনন্দদায়ক হয় শিক্ষক সেদিকে বিশেষ লক্ষ রাখবেন।



## পরিকল্পিত কাজ

নিজের তৈরি বিভিন্ন জিনিসপত্র নিজের ইচ্ছেমতো রঙ করতে পেরে শিশুরা আনন্দে মেতে উঠবে। শিক্ষক শিশুদের অলঙ্কৃত খেলনা পুতুল শ্রেণিকক্ষে সাজিয়ে তাদের কাছে নিজের অনুভূতি সম্পর্কে জানতে চাইবেন এবং এগুলো বাড়িতে সাজিয়ে রাখতে এবং তৈরি করতে উৎসাহ যোগাবেন।

## মূল্যায়ন

শিশুরা নিজের তৈরি খেলনা বা পুতুল নিজের পছন্দের রঙে সজ্জিত করতে আনন্দ পাচ্ছে কিনা সেদিকে শিক্ষক লক্ষ রাখবেন এবং শ্রেণিকক্ষে সকলের শিল্পকর্ম সম্পর্কে সকলের মতামতের পরিবেশ তৈরি করবেন। শিশুদের আনন্দ দেওয়ার জন্য, আগ্রহী করে গড়ে তোলার জন্য শ্রেণিকক্ষে সম্পন্ন কাজের মধ্য থেকে অপেক্ষাকৃত ভালো কাজগুলো শিশুদের মতামতের ভিত্তিতে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

### ত্রয়োদশ অধ্যায়

# আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা

## অর্জন উপযোগী যোগ্যতা

১৩.১ কম্পিউটারের মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রঙ করতে পারবে।

## শিখন ফল

১৩.১.১ কম্পিউটারের মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রঙ করতে পারবে।

## পাঠ বিভাজন - ৩টি পাঠ

## পাঠ-১

বর্তমান বিশ্ব প্রযুক্তি নির্ভর। সেদিকে লক্ষ রেখেই শিশুদের যুগোপযোগী করে তোলা আমাদের লক্ষ্য। এই পাঠে শিশুরা কম্পিউটার খোলা, পেইন্ট ব্রাশ অপশন চেনা ও কম্পিউটার বন্ধ করা শিখবে ।

## শিখন ফল

১৩.১.১ কম্পিউটারের মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রঙ করতে পারবে।

## উপকরণ

কম্পিউটার।




## বিষয়বস্তু

ছবি আঁকায় প্রযুক্তির ব্যবহার।

## শিখন শেখানো কার্যাবলি

এই পাঠে শিক্ষক শিশুদেরকে কম্পিউটার খোলা, পেইন্ট ব্রাশ অপশন খুঁজে পাওয়া এবং কম্পিউটার বন্ধ করা সম্পর্কে ধারণা প্রদান করবেন। শিক্ষক শিশুদেরকে কম্পিউটারের সামনে বসিয়ে সরাসরি এটি ব্যবহার করতে উৎসাহ প্রদান করবেন। শিশুরা যাতে সহজে পাঠটি আয়ত্ব করতে পারে শিক্ষক সেদিকে বিশেষ যত্ন নেবেন।

## পরিকল্পিত কাজ

কম্পিউটারে পেইন্ট ব্রাশ অপশনে মাউস ঘুরিয়ে ছবি আঁকার শুরুতে শিক্ষক এই অপশনটি যাতে শিশুরা খুঁজে পায় বা কম্পিউটার খোলা ও বন্ধ সম্পর্কে সঠিক ধারণা থাকে সেজন্য শিক্ষক শিশুদের কম্পিউটারে বসিয়ে নিজে পাশে বসে বিষয়টি ভালোভাবে শেখাবেন এবং শিশুরা যেন ভুলে না যায় সেজন্য বাড়িতে চর্চা করতে বলবেন।

## মূল্যায়ন

শিশুরা কম্পিউটার অন-অফ সম্পর্কে সঠিক ধারণা পেয়েছে কিনা বা পেইন্ট ব্রাশ অপশন খুঁজে পাচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ রাখবেন। যদি এগুলি আয়ত্ব করতে কোনো শিশু পিছিয়ে থাকে তবে শিক্ষক তাকে অতিরিক্ত সময় দিয়ে পুনরায় বুঝিয়ে দেবেন।

## পাঠ-২

এই পাঠে শিশুরা পূর্বের ন্যায় কম্পিউটার ওপেন করে পেইন্ট ব্রাশ অপশনে গিয়ে মাউস ঘুরিয়ে ইচ্ছেমতো দাগাদাগি করবে এবং দাগাদাগির মাধ্যমে তৈরিকৃত বিভিন্ন ঘরে পছন্দ অনুযায়ী রঙ দেওয়ার খেলায় মেতে উঠবে।

## শিখন ফল

১৩.১.১ কম্পিউটারের মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রঙ করতে পারবে।

## উপকরণ

কম্পিউটার।



## বিষয় বস্তু

**১৩.১.১ ছবি আঁকায় প্রযুক্তির ব্যবহার।**

## শিখন শেখানো কার্যাবলি

পূর্বের পাঠে শেখা বিষয়গুলো শিশুদের মনে আছে কিনা শিক্ষক সেটা পর্যবেক্ষণ করবেন। এরপর শিক্ষক কম্পিউটারের পেইন্ট ব্রাশ অপশনে গিয়ে কীভাবে মাউস ঘুরিয়ে দাগাদাগি করা যায় এবং তৈরিকৃত ঘরগুলিতে কিভাবে কালার চার্ট থেকে রঙ নির্ধারণ করে তা প্রয়োগ করা যায় সে বিষয়ে শিশুদের দেখাবেন এবং শিশুদের সে অনুযায়ী দাগাদাগির মাধ্যমে তৈরিকৃত ঘরগুলোতে নিজের মনের মতো রঙ দিতে বলবেন।

## পরিকল্পিত কাজ

কম্পিউটারে পেইন্ট ব্রাশ অপশনে মাউস ঘুরিয়ে ছবি এঁকে রঙ করা শিখবে। শিশুরা যেন ভুলে না যায় সেজন্য শিক্ষক শিশুদেরকে বাড়িতে এ মজার খেলাটি চর্চা করতে উৎসাহ দেবেন।

## মূল্যায়ন

শিশুরা কম্পিউটারের পেইন্ট ব্রাশ অপশনে গিয়ে ইচ্ছেমতো মাউস ঘুরিয়ে দাগাদাগির মাধ্যমে অঙ্কিত ফর্মগুলোতে কালার চার্ট থেকে রঙ নির্ধারণ করে তা প্রয়োগ করতে পারছে কিনা বা আনন্দ পাচ্ছে কিনা শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। যদি কোনো শিশু সঠিকভাবে না বুঝে থাকে তাহলে শিক্ষক তাকে অতিরিক্ত সময় দিয়ে পুনরায় বুঝিয়ে কম্পিউটারে ছবি আঁকায় উৎসাহ দেবেন।

## পাঠ-৩

এই পাঠেও শিশুরা প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা শিখবে এবং প্রিন্ট করতে শিখবে।

## শিখন ফল

**১৩.১.২ ছবির প্রিন্ট করতে পারবে।**

## উপকরণ

কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি।




### বিষয়বস্তু

আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা এবং প্রিন্ট নেওয়া।

### শিখন শেখানো কার্যাবলি

শিশুরা পেইন্ট ব্রাশ অপশনে মাউসের সাহায্যে ছবি আঁকা চর্চা করবে এবং এই ছবি সেভ করে প্রিন্ট নিতে শিখবে।

### পরিকল্পিত কাজ

শিশুরা এই পাঠে ইচ্ছেমতো ছবি আঁকা, রঙ করার পাশাপাশি পেইন্ট ব্রাশ অপশনের অন্যান্য অংশ যেমন ছবি ছোট করা বড় করা ইত্যাদি বিষয় শিখবে তারপর নিজের আঁকা ছবি স্থায়ীভাবে কম্পিউটারে রাখার জন্য সেভ করা এবং প্রিন্ট নেওয়া ইত্যাদি বিষয় শিক্ষা লাভ করবে।

### মূল্যায়ণ

শিশুরা পেইন্ট ব্রাশ অপশনে ছবি আঁকা শেখাসহ আনুসঙ্গিক অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে কতটুকু জ্ঞান অর্জন করতে পেরেছে? সেভ এবং প্রিন্ট নেওয়া কতটুকু সার্থকভাবে করতে পারছে সে বিষয়ে শিক্ষক বিশেষ নজর রাখবেন।

সমাপ্ত